



# Daily Monitoring Report

Directorate of Monitoring  
Bangladesh Betar, Dhaka  
e-mail: dmr.dm@betar.gov.bd

Magh 30, 1432 Bangla, February 13, 2026, Friday, No. 44, 56<sup>th</sup> year

## HIGHLIGHTS

BNP has extended heartfelt greetings & congratulations to people across country following the party's victory in a large number of seats in the 13th National Parliamentary Election. [Jago FM: 12]

Chief Adviser Dr Muhammad Yunus has extended his heartfelt congratulations and gratitude to the entire nation for successful completion of election & referendum in a peaceful, orderly & festive environment.

[DW: 11]

Calling for post-election harmony, Muhammad Yunus urged political parties and candidates to uphold democratic decency, tolerance and mutual respect even after announcement of final results. [Jago FM: 15]

EC has expressed heartfelt gratitude and appreciation to all the stakeholders for their full cooperation in holding the 13th national election in a free, fair & impartial manner. [Jago FM: 18]

Despite various complaints from candidates & isolated incidents in some constituencies of country, National Election & referendum voting have concluded without any major untoward incidents. [BBC: 03]

The European Union Election Observation Mission says it has observed positive enthusiasm of voters in participating in the polls of national parliamentary election of Bangladesh. [R. Today: 20]

In a statement, ousted PM Sheikh Hasina has called the elections held in BD a "farce" & "fraudulent. She demanded cancellation of the election & new elections under a neutral caretaker government. [DW: 11]

Leaders of several political parties & independent candidates have made allegations & counter-allegations surrounding election. Jamaat-e-Islami Amir Shafiqur Rahman has accused his opponents of exerting influence. [BBC: 07]

A delegation of Bangladesh Jamaat-e-Islami & 11-party alliance has submitted more than 100 video clips and supporting documents to EC as evidence of irregularities in the election. [Jago FM: 17]

Islami Andolon Bangladesh has alleged irregularities in various polling centers in Patuakhali-1, Noakhali-1, Bhola-1 and Narsingdi-5 constituencies. [Jago FM: 17]

At least 9 people, including an assistant presiding officer, were reported dead in various parts of country, including Dhaka, on polling day in the 13th national parliamentary election. [Jago FM: 19]

**দৈনিক মনিটরিং রিপোর্ট**  
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**  
**মাঘ ৩০, বাংলা ১৪৩২, ফেব্রুয়ারি ১৩, ২০২৬, শুক্রবার, নং- ৪৪, ৫৬তম বছর**

## শিরোনাম

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিপুল সংখ্যক আসনে নির্বাচিত হওয়ায় দেশবাসীকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছে বিএনপি।

[জাগো এফএম: ১২]

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন এবং গণভোট শাস্তিপূর্ণ, সুশৃঙ্খল ও উৎসবমুখর পরিবেশে সম্পন্ন হওয়ায় সমগ্র জাতিকে আন্তরিক অভিনন্দন ও কৃতজ্ঞতা জানিয়েছেন প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনুস। [ডয়চে ভেলে: ১১]

জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটের চূড়ান্ত ফলাফল ঘোষণার পরও রাজনৈতিক দল ও প্রার্থীদের প্রতি পারস্পরিক শ্রদ্ধা অটুট রাখার আহ্বান জানিয়েছেন প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনুস।

[জাগো এফএম: ১৫]

গণভোট ও ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ ও উৎসবমুখর পরিবেশে সম্পন্ন হওয়ায়, সংশ্লিষ্ট সবার প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়েছে ইসি।

[জাগো এফএম: ১৮]

দেশের কিছু নির্বাচনি এলাকায় প্রার্থীদের নানা অভিযোগ আর বিচ্ছিন্ন কিছু ঘটনা ঘটলেও, বড়ো ধরনের কোনো অপ্রীতিকর ঘটনা ছাড়াই ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটের ভোটগ্রহণ শেষ হয়েছে। [বিবিসি: ০৩]

জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট পর্যবেক্ষণে নিযুক্ত ইইউ নির্বাচন পর্যবেক্ষণ মিশনের প্রধান ইভার্স ইজাবস জানিয়েছেন যে, ভোটকেন্দ্রগুলোতে ভোটারদের মধ্যে যথেষ্ট উদ্বৃত্তি ও প্রাগের সংঘার লক্ষ্য করা গেছে।

[রে. টুডে: ২০]

এক বিবৃতিতে, ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশে অনুষ্ঠিত নির্বাচনকে 'প্রহসন, ও 'প্রতারণামূলক, বলেছেন। তিনি নির্বাচন বাতিল এবং নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নতুন নির্বাচনের দাবি জানিয়েছেন।

[ডয়চে ভেলে: ১১]

নির্বাচন ঘিরে অভিযোগ-পাল্টা অভিযোগ করেছেন, কয়েকটি রাজনৈতিক দলের নেতা ও স্বতন্ত্র প্রার্থী। প্রতিপক্ষের প্রভাব খাটানোর অভিযোগ করেছেন জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমান।

[বিবিসি: ০৭]

বাংলাদেশ জামায়াতে ইসলামী ও ১১ দলীয় নির্বাচনি এক্য জোটের একটি প্রতিনিধি দলের পক্ষ থেকে নির্বাচনে অনিয়মের প্রমাণ হিসেবে প্রায় শতাধিক ভিডিও ফুটেজ এবং মিডিয়া রিপোর্টের লিংক ইসিতে জমা দেওয়া হয়।

[জাগো এফএম: ১৭]

পটুয়াখালী- ১, নোয়াখালী- ১, ভোলা- ১ ও নরসিংহদী- ৫ আসনের বিভিন্ন কেন্দ্রে অনিয়মের অভিযোগ এনেছে ইসলামী আন্দোলন বাংলাদেশ।

[জাগো এফএম: ১৭]

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোটের দিন ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে সহকারী প্রিসাইডিং কর্মকর্তাসহ অন্তত নয়জনের মৃত্যুর খবর পাওয়া গেছে।

[জাগো এফএম: ১৯]

## বিবিসি

### যে রকম হলো জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট

দেশের কিছু নির্বাচনি এলাকায় প্রার্থীদের নানা অভিযোগ আর বিচ্ছিন্ন কিছু ঘটনা ঘটলেও, বড়ো ধরনের কোনো অগ্রীতিকর ঘটনা ছাড়াই অ্যোদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটের ভোটগ্রহণ শেষ হয়েছে। প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনুস দাবি করেছেন যে, "এই নির্বাচন দেশের ইতিহাসে সবচেয়ে শান্তিপূর্ণ ও উৎসবমুখর ছিল।" ভোটগ্রহণ শেষে রাজনৈতিক মহলে বড়ো আলোচনা ও কৌতুহলের বিষয় হয়ে দাঁড়িয়েছে ভোটের হার কেমন হলো। এ নিয়ে নানা আলোচনার মধ্যে নির্বাচন কমিশন জানিয়েছে, বেলা ২টা পর্যন্ত দেশের ৩৬ হাজারের বেশি কিছু কেন্দ্রে গড়ে ৪৭ দশমিক ৯১ শতাংশ ভোট পড়েছে। ভোট শেষ হওয়ার আধা ঘণ্টা আগে জামায়াতে ইসলামী বলেছে, দেশবাসী ভোটকেন্দ্র দখলের অপচেষ্টা ও ষড়যন্ত্র প্রতিরোধ করেছে। তবে একই সাথে দলটি বলেছে, দেশের বিভিন্ন জায়গায় জাল ভোট দেওয়ার চেষ্টা, পোলিং এজেন্টদের ওপর হামলা করে জখম করা, নারীদের হেনস্টা করার চেষ্টা হয়েছে এবং বেশ কিছু জায়গায় কেন্দ্র দখলের অপচেষ্টা ও চালানো হয়েছে।

এর আগে, দুপুরে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বিবিসি বাংলাকে বলেছেন যে, সারা দেশে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে ভোট হচ্ছে। বেলা সাড়ে ৪টায় ভোটগ্রহণ শেষের পর এখন ভোট গণনার প্রক্রিয়া শুরু হয়েছে। এর আগে, সকাল সাড়ে ৭টায় সারাদেশে একযোগে ভোটগ্রহণ শুরু হয়েছিল। বাংলাদেশে এবারই প্রথমবার সংসদ নির্বাচনের দিনে একই সাথে গণভোট অনুষ্ঠিত হয়েছে। এবারই প্রথম বাংলাদেশে পোস্টাল ভোটও নেওয়া হয়েছে। বৃহস্পতিবার পর্যন্ত ৬ লাখ ৪৮ হাজার পোস্টাল ব্যালট নির্বাচন কমিশনের কাছে এসেছে বলে জানিয়েছেন জ্যোষ্ঠ সচিব আখতার আহমেদ। অন্তর্ভুক্ত সরকার কার্যক্রম নিয়ন্ত্রণ করে রাখায় আওয়ামী লীগে এই নির্বাচনে অংশ নিতে পারছে না। অন্য দলগুলোর অংশগ্রহণে ২৯৯টি সংসদীয় আসনে আজ ভোটগ্রহণ অনুষ্ঠিত হলো। একজন প্রার্থীর মৃত্যুর কারণে শেরপুরের একটি আসনে আজ ভোট হচ্ছে না।

### অভিযোগ, ককটেল বিস্ফোরণ, বিচ্ছিন্ন ঘটনা

জামায়াত জেটি থাকা এনসিপি ঢাকাসহ দেশের বিভিন্ন জেলায় সহিংসতা, কেন্দ্র দখল, পোলিং এজেন্টদের বাধা, ব্যালট ছিনতাই ও ককটেল বিস্ফোরণের মতো অভিযোগ তুলেছে। দুপুরে এক সংবাদ সম্মেলনে দলটির নির্বাচন পরিচালনা কমিটির সদস্য সচিব মনিরা শারমিন অভিযোগ করেন, বিভিন্ন স্থানে ভোট রিগিং বা ভোট জালিয়াতি এবং ইলেকশন ইঞ্জিনিয়ারিংয়ের মাধ্যমে নির্বাচনের ফলাফলকে প্রভাবিত করার চেষ্টা করা হচ্ছে। কুমিল্লা-৮, শরীয়তপুর-২ ও পটুয়াখালী-১ আসনসহ কয়েকটি আসনের বেশ কিছু ভোটকেন্দ্রে অনিয়ম হয়েছে বলে নির্বাচন কমিশনে (ইসি) অভিযোগ করেছে জামায়াতে ইসলামী। দলটি এ তিনটি আসনের ভোট স্থগিতের দাবি জানিয়েছে। মুশিগঞ্জ, গোপালগঞ্জ ও কুমিল্লায় ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটলেও, তাতে ভোট বন্ধ হওয়ার মতো পরিস্থিতি হয়েনি বলে স্থানীয় কর্মকর্তারা জানিয়েছে। এর বাইরে অসুস্থতাজনিত কারণে কয়েকটি জেলায় এক পোলিং কর্মকর্তাসহ অন্তত পাঁচজনের মৃত্যু হয়েছে। ঢাকার আলোচিত আসনগুলোর একটি ঢাকা-৯ আসনের স্বতন্ত্র প্রার্থী তাসনিম জারা নানা অজুহাতে তার পোলিং এজেন্টদের ভোটকেন্দ্র থেকে বের করে দেওয়ার অভিযোগ করেছেন। জামায়াত অভিযোগ করেছে যে, কুমিল্লার লাকসামের বৰড়ো এলাকার কয়েকটি ভোটকেন্দ্র থেকে জামায়াতের পোলিং এজেন্টদের বের করে দেওয়া হয়েছে।

এছাড়া ঢাকা -১৫ আসনে মনিপুর গার্লস স্কুল কেন্দ্রে বিপক্ষের সমর্থকরা প্রভাব খাটানোর চেষ্টা করেছিল, তবে সেনাবাহিনীর সদস্যরা এসে পরিস্থিতি সামাল দিয়েছে বলে জানিয়েছিলেন জামায়াতের আমির শফিকুর রহমান। ওদিকে, ফরিদপুরে টাকা দিয়ে ধানের শীষ প্রতীকের পক্ষে ভোট কেনার অভিযোগে একজন পোলিং এজেন্টকে ১০ হাজার টাকা জরিমানা করেছে নির্বাচনি অনুসন্ধান ও বিচারিক কমিটির বিচারক। কিশোরগঞ্জের বৈরবে আগানগর ইউনিয়নের একটি কেন্দ্রে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর ধাওয়া খেয়ে এক ব্যক্তির মৃত্যু হয়েছে বলে অভিযোগ উঠেছে। এছাড়া, বাক্ষণিকাড়িয়ার সরাইল উপজেলায় ভোটকেন্দ্রে দায়িত্ব পালনকালে এক পোলিং কর্মকর্তার মৃত্যু হয়েছে। খুলনায় ভোটকেন্দ্রের বাইরে জামায়াত কর্মীদের ধাক্কায় ওই ঘটনা ঘটেছে। এছাড়া, মানিকগঞ্জ-১ আসনের মহাদেবপুরে সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রের সামনে ভোট দিতে গিয়ে এক বৃন্দের মৃত্যু হয়েছে। বেলা সাড়ে ১১টার দিকে শিবালয় উপজেলার মহাদেবপুর তার মৃত্যু হয়। চট্টগ্রামের কাজীর দেউর বালক সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রেও ভোট দিতে গিয়ে হৃদরোগে আক্রান্ত হয়ে এক ভোটারের মৃত্যু হয়েছে। ওদিকে, চরমোনাই পীরের দল হিসেবে পরিচিত ইসলামী আন্দোলন বাংলাদেশ সংসদ নির্বাচনে বিভিন্ন আসনে অনিয়ম হওয়ার অভিযোগ তুলেছে।

সংবাদ মাধ্যমে পাঠানো বার্তায় দলটি বলেছে, কোনো কোনো কেন্দ্রে ভোট আগেই হয়ে যাওয়া এবং কেন্দ্র থেকে তাদের দলীয় প্রতীক হাতপাখা মার্কার লোকজনকে বের করে দেওয়ার অভিযোগ করেছে। দলটির অভিযোগ, ভোলা ও নরসিংহাতে তাদের লোকজন হামলার শিকার হয়েছেন, আর বালকাঠিতে একটি ইউনিয়নের কোনো কেন্দ্রে তাদের এজেন্টদের থাকতে না দেওয়ার অভিযোগ করেছে দলটি। কুমিল্লার চৌদ্দগ্রাম উপজেলার জগন্নাথদীঘি ইউনিয়নের

একটি কেন্দ্রে বেলা ১২টার দিকে একের পর এক ককটেলের বিক্ষেপণের ঘটনা ঘটেছে। এতে আতঙ্কিত হয়ে ভোটাররা ছেটাছুটি শুরু করে। তবে পরে বিজিবি ও সেনাসদস্যরা এসে পরিস্থিতি নিয়ন্ত্রণ করে। কুমিল্লা-১০ আসনের লালমাই উপজেলার চৌদ্দদোনা সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে হামলা চালিয়ে, ব্যালট ছিনিয়ে নিয়ে ধানের শীঘ্রের মার্কার সিল মারার চেষ্টা করেছে একদল দুর্বৃত্ত। তবে সিল মারা কোনো ব্যালট বাঞ্চে ঢোকাতে পারেনি বলে জানিয়েছেন কেন্দ্রের প্রিজাইডিং অফিসার মো. আমজাদ হোসেন।

নারায়ণগঞ্জ-৩ আসনের স্বতন্ত্র প্রার্থী ও সাবেক প্রতিমন্ত্রী অধ্যাপক মো. রেজাউল করিম বেলা ৩টার দিকে নির্বাচন বর্জনের ঘোষণা দেন। তিনি তার এজেন্টদের কেন্দ্র থেকে বের করে দেওয়া এবং জাল ভোট দেওয়ার অভিযোগ করেন। ময়মনসিংহ-১১ আসনের একটি ভোটকেন্দ্রে প্রকাশ্যে ভোট দেওয়ার ঘটনায় প্রিজাইডিং কর্মকর্তা ও দুই পোলিং কর্মকর্তাকে দায়িত্ব থেকে অব্যাহতি দেন সহকারী রিটার্নিং অফিসার। যশোর সদর আসনের পৌর এলাকার একটি কেন্দ্রে ভোট দেওয়ার সিল চুরি ও দীর্ঘক্ষণ ব্যালট না থাকার ঘটনায় কিছু সময়ের জন্য উত্তেজনাকর পরিস্থিতি তৈরির খবর পাওয়া গেছে।

### নির্বাচন শেষে প্রধান উপদেষ্টা যা বললেন

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন এবং জুলাই জাতীয় সনদ বাস্তবায়নের ওপর অনুষ্ঠিত গণভোট শাস্তিপূর্ণ, সুশৃঙ্খল ও উৎসবমুখর পরিবেশে সম্পন্ন হওয়ায় সমগ্র জাতিকে আন্তরিক অভিনন্দন ও কৃতজ্ঞতা জানিয়েছেন অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা প্রফেসর মুহাম্মদ ইউনুস। তার প্রেস উইং থেকে পাঠানো বিবৃতিতে তিনি একথা বলেছেন। তিনি বলেন, “এই নির্বাচন আমাদের জন্য মহা আনন্দের ও উৎসবের। এর মধ্য দিয়ে নতুন বাংলাদেশের এক অভ্যন্তরীণ যাত্রা শুরু হলো। এই নির্বাচন দেশের ইতিহাসে সবচেয়ে শাস্তিপূর্ণ ও উৎসবমুখর ছিলো। এই ধারা ধরে রাখা সম্ভব হলে আমাদের গণতন্ত্র উৎকর্ষের শিখরে যাবে।”

### জয় ও সরকার গঠনের আশা এবং ভোটকেন্দ্র ছেড়ে না যাওয়ার আহ্বান

ভোটগ্রহণ শেষে বিএনপি ও জামায়াতে ইসলামী উভয় দলই দলীয় নেতা-কর্মী ও সমর্থকদের ভোটকেন্দ্র ছেড়ে না যাওয়ার আহ্বান জানিয়েছে। এর আগে, সকালেই গুলশানের একটি ভোটকেন্দ্রে ভোট দেওয়ার পর সাংবাদিকদের সাথে আলাপকালে বিএনপির চেয়ারম্যান তারেক রহমান নির্বাচনে জয়লাভের আশা প্রকাশ করেছিলেন। বিকেল ৪টা ৪০ মিনিটে বিএনপির মিডিয়া সেলের ভেরিফায়েড ফেসবুক পাতায় বলা হয়েছে, “সারা দেশে উৎসবমুখর ও শাস্তিপূর্ণ পরিবেশে শেষ হয়েছে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন এবং সংবিধান সংস্কারের প্রশ্নে বহুল আলোচিত ইতিহাসিক গণভোট। সকাল সাড়ে ৭টা থেকে শুরু হয়ে বিকেল সাড়ে ৪টা পর্যন্ত বিরতিহীনভাবে ভোটগ্রহণ চলে। ভোটগ্রহণ শেষ হওয়ার পর এখন দেশজুড়ে কেন্দ্রভিত্তিক ভোট গণনা চলছে।, অন্যদিকে, জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমান সকাল সাড়ে ৮টায় ঢাকার মিরপুরের মনিপুরে তার কেন্দ্রে ভোট দেওয়ার পর সাংবাদিকদের সঙ্গে আলাপকালে নির্বাচনে জয়ী হয়ে সরকার গঠনের বিষয়ে আশা প্রকাশ করেছেন। আর জামায়াতের ভেরিফায়েড পেজ থেকে একটি পোস্টে জামায়াতের আমিরের বরাত দিয়ে লেখা হয়েছে, ”পূর্ণসং ফলাফল প্রকাশের পূর্ব পর্যন্ত কেউ ভোটকেন্দ্র ছাড়বেন না।,, (বিবিসি ওয়েব পেজ : ১২.০২.২০২৬ আলী আহমেদ)

### বাংলাদেশের ইতিহাসে কেন আলাদা এই নির্বাচন?

বাংলাদেশ জাতীয় সংসদ নির্বাচনের আগের দিনেও প্রধান দুই প্রতিদ্বন্দ্বী বিএনপি ও জামায়াতে ইসলামী সংবাদ সম্মেলন করে পাল্টাপাল্টি অভিযোগ জানিয়েছে। জুলাই গণ-অভ্যন্তর্থানে আওয়ামী লীগ সরকারের পতনের পর এবারের সংসদ নির্বাচনের ওপর নির্ভর করছে দেশের রাজনৈতিক ভবিষ্যৎ, এমন কথা বলছে সংশ্লিষ্ট সব পক্ষ। কেমন হবে ভোট- এই প্রশ্নও রয়েছে আলোচনার কেন্দ্রে। ত্রয়োদশ জাতীয় সংসদের এই নির্বাচনের প্রেক্ষাপটটা ভিন্ন। সেখানে আওয়ামী লীগের দীর্ঘ শাসনের পতন ও এরপর রাজনীতিতে নতুন মেরুকরণের বিষয়টি রয়েছে। একইসঙ্গে দেড় দশকে পর পর তিনটি বিতর্কিত নির্বাচনের পর, এবার মানুষের ভোট দেওয়ার সুযোগ তৈরি হয়েছে। মোটা দাগে এই দুটি কারণে এই নির্বাচন রাজনৈতিকভাবে গুরুত্বপূর্ণ বলে বিশ্লেষকেরা বলছেন। ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ ২০১৪ সালে এবং সর্বশেষ ২০২৪ সালের নির্বাচন করেছে একত্রফাভাবে। এখন বিএনপি, জামায়াতসহ যে দলগুলো নির্বাচনে প্রধান অংশগ্রহণকারী, তাদের ওই নির্বাচন থেকে বাইরে রাখা হয়েছিল। আর এর মাঝে ২০১৮ সালের নির্বাচনে বিএনপি, জামায়াতসহ সব দলই অংশ নিয়েছিল। কিন্তু আওয়ামী লীগ সরকারের অধীনে সেই ভোট পরিচিতি পায় ‘রাতের ভোট’ হিসেবে। এসব নির্বাচনে মানুষ ভোট দিতে পারেন। নির্বাচন ব্যবস্থাই ভেঙে দেওয়া হয়েছিল বলে অভিযোগ আছে। এমন প্রেক্ষাপটে এবারের নির্বাচন ভোটারদের কাছে গুরুত্ব বহন করছে বলে বিশ্লেষকেরা বলছেন। তবে তারা মনে করেন, নিরাপত্তার প্রশ্নে শক্তাও কাজ করছে।

### মেরাকরণ

জুলাই গণ-অভ্যন্তর্থানের পর আওয়ামী লীগের অনুপস্থিতিতে বাংলাদেশের রাজনীতিতে নতুন মেরুকরণ হয়েছে। রাজনৈতিক বিশ্লেষকেরা বলছেন, আওয়ামী লীগের প্রতিদ্বন্দ্বী বিএনপি অন্যতম প্রধান দলের অবস্থানে রয়েছে। তার

প্রতিদ্বন্দ্বী পাল্টেছে। বাংলাদেশের রাজনীতিতে 'পার্শ্ব চরিত্রে' ছিল জামায়াত। এখন দলটি সামনে চলে এসেছে। নাগরিক অধিকার নিয়ে আন্দোলনের অন্যতম সংগঠক অধ্যাপক আনু মুহাম্মদ বিবিসি বাংলাকে বলেন, রাজনীতিতে ডানপন্থি দলগুলোর প্রভাব বেড়েছে। এমন পটভূমিতেই এই নির্বাচনকে ঘিরে দেশের রাজনৈতিক ভবিষ্যতের প্রশ্ন আলোচনায় আসছে। নির্বাচনে আসন সমর্বোত্তর ভিত্তিতে ১১ দলীয় জোট করেছে জামায়াত। এই জোটে ইসলামী দলের সংখ্যা বেশি। গণ-অভ্যর্থনার তরুণ নেতৃত্বের দল জাতীয় নাগরিক পার্টি বা এনসিপিও জামায়াতের জোটে রয়েছে। বিএনপি আসন ভাগাভাগি করেছে তাদের যুগপৎ আন্দোলনের শরিক ও ইসলামপন্থি কয়েকটি দলের সঙ্গে।

### আগের দিনেও পাল্টাপাল্টি অভিযোগ

এতদিন সাধারণ ভোটার, এমনকি রাজনীতিকদেরও অনেকের মাঝে শঙ্কা ছিল, নির্বাচন হবে কিনা। শেষ পর্যন্ত যখন নির্বাচন হচ্ছে এবং পুরো দেশ ভোটের অপেক্ষায়, এমন প্রেক্ষাপটেও বিএনপি ও জামায়াত সংবাদ সম্মেলন করে পাল্টাপাল্টি অভিযোগ জানিয়েছে। জামায়াতের ঠাকুরগাঁও জেলা শাখার আমির ধরা পড়েছেন ৭৪ লাখ টাকা নিয়ে। তিনি ঢাকা থেকে বিমানে নীলফামারী জেলার সৈয়দপুর বিমানবন্দরে নেমে এই বড়ো অক্ষের অর্থসহ ধরা পড়েন। এটি একটি বড়ো ইস্যু হয়ে দাঁড়ায়। এই অর্থের বিষয়টি অস্বীকার না করলেও, জামায়াত সংবাদ সম্মেলন করে বলেছে, ভোটের আগের দিনে তাদের বিরুদ্ধে অপত্থ্য ছড়ানো হচ্ছে। জামায়াতের কেন্দ্রীয় আমির শফিকুর রহমান তার ভেরিফায়েড ফেসবুক পেজে এক পোস্টে লিখেছেন, "জামায়াতের জনপ্রিয়তা ও জনসমর্থনে ভীত হয়ে একটি গোষ্ঠী ভোটারদের বিভ্রান্ত করার জন্য এ ধরনের অপচেষ্টায় লিপ্ত।" জামায়াত জোটের অন্যতম শরিক এনসিপিও ভোটের কয়েক ঘট্টা আগে, অর্থাৎ বুধবার মধ্যরাতের পর সংবাদ সম্মেলন করে বিএনপির বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ তুলে ধরেছে।

এদিকে, বিএনপির নির্বাচন পরিচালনা কমিটির মুখ্যপাত্র মাহদী আমিন এক সংবাদ সম্মেলন করে বলেছেন, "বিএনপির অনিবার্য বিজয়ের বিপরীতে একটি গোষ্ঠী নানা প্রতিবন্ধকতা সৃষ্টির চেষ্টা করছে।" জামায়াতের ঠাকুরগাঁও জেলা আমিরের কাছে বড়ো অক্ষের টাকা উদ্ধারের ঘটনাও উল্লেখ করে মাহদী আমিন বলেন, এটি বিছিন্ন ঘটনা নয়। তিনি অভিযোগ করেন, "জামায়াতে ইসলামীর আমিরের নির্বাচনি আসন ঢাকা-১৫-সহ কুমিল্লা, নোয়াখালী, খুলনায়ও একই অবস্থা চলছে।" সৈয়দপুর বিমানবন্দরের ঘটনা ছাড়াও শরিয়তপুর ও কুমিল্লায় জামায়াত নেতার কাছ থেকে টাকা উদ্ধারের অভিযোগ উঠেছে। গত মধ্যরাতে বিএনপির নির্বাচন পরিচালনা কমিটির প্রধান নজরুল ইসলাম খানও এক সংবাদ সম্মেলন করে জামায়াতের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ তোলেন। অন্যদিকে, লক্ষ্মীপুরে যৌথবাহিনীর তলাশি চৌকিতে একটি গাড়ি থেকে ১৫ লাখ টাকা উদ্ধার ও তিনজনকে আটকের পর তাদের ছেড়ে দেওয়া হয়। এই ঘটনায় আটকরা বিএনপি প্রার্থী শহিদ উদ্দীন চৌধুরী এ্যানির সমর্থক বলে স্থানীয় পুলিশ জানায়। মি. এ্যানি দাবি করেন, ঘটনাটি নিয়ে বিভ্রান্ত ছড়ানোর অপচেষ্টা হচ্ছে। দুই দলের পাল্টাপাল্টি অভিযোগে টাকা উদ্ধারের ঘটনাগুলোই বড়ো বিষয় হয়েছে। বিএনপি ও জামায়াতের নেতাদের সঙ্গে কথা বলে মনে হয়েছে, দুই পক্ষই একে অপরকে সন্দেহ করছে নির্বাচনকে প্রতাবিত করার প্রশ্নে।

### কেমন হবে ভোট

সারা দেশে সেনা, পুলিশসহ সব বাহিনী বেশ সক্রিয় রয়েছে। ভোটে নিরাপত্তা নিশ্চিত করার কথা বলেছে নির্বাচন কমিশন। তবে অন্তর্বর্তী সরকারের আঠারো মাসে আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে ব্যর্থতার অভিযোগ একটি বড়ো ইস্যু হয়ে রয়েছে। এমন পটভূমিতে ভোটের নিরাপত্তার প্রশ্নে ভোটারদের পাশাপাশি দলগুলোর মধ্যেও শঙ্কা কাজ করছে। সুরু ও শান্তিপূর্ণ ভোটের জন্য রাজনৈতিক দলগুলোর দায়িত্ব বেশি বলে মনে করেন বিশ্লেষকেরা। এ প্রশ্নে বিএনপি ও জামায়াত পরম্পরাকে সন্দেহ করছে বলে মনে হয়েছে। তবে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বিবিসি বাংলাকে বলেন, শেষ পর্যন্ত ভোট শান্তিপূর্ণ হবে বলে তারা আশা করছেন। জামায়াতের আমির শফিকুর রহমানও বিবিসির কাছে একই রকম আশাবাদ ব্যক্ত করেছেন। দল দুটির শীর্ষ নেতারা আনুষ্ঠানিক বক্তব্যে অবাধ ও শান্তিপূর্ণ ভোটের ব্যাপারে আশা প্রকাশ করেছেন। কিন্তু ভোটের কয়েক ঘট্টা আগে দুই দলই নির্বাচনকে প্রতাবিত করার চেষ্টার পাল্টাপাল্টি অভিযোগ করেছে এবং তাতে তাদের পরম্পরারের প্রতি সন্দেহ-অবিশ্বাসের বিষয়ই প্রকাশ পেয়েছে। রাজনৈতিক বিশ্লেষক অধ্যাপক মাহবুব উল্লাহ বিবিসি বাংলাকে বলেন, সুরু নির্বাচনের জন্য রাজনৈতিক দলগুলো সতর্ক থাকবে এবং নির্বাচন কমিশনকে সহযোগিতা করবে বলে তার প্রত্যাশা।

### নির্বাচনের পরে চ্যালেঞ্জ

বিএনপি-জামায়াতসহ বিভিন্ন দলের নেতারা বলছেন, ভোটের পরই বড়ো চ্যালেঞ্জ। যে দল ক্ষমতায় আসবে, তাদের জন্য আইন-শৃঙ্খলা এবং অর্থনীতি প্রধান চ্যালেঞ্জ হবে। বিশ্লেষকেরাও একইভাবে দেখেন পরিস্থিতিটাকে। তারা বলছেন, আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে গত আঠারো মাসে ব্যর্থ হয়েছে অন্তর্বর্তী সরকার। আর অর্থনীতির ক্ষেত্রে ব্যবসা-বাণিজ্য, বিনিয়োগ স্থবর হয়েছে। যদিও বিশ্বস্ত অর্থনীতিকে সামাল দেওয়ার কথা বলছে সরকার। কিন্তু

বিশ্লেষকেরা মনে করেন, আইন-শৃঙ্খলা এবং দেশের অর্থনীতির স্থিরতাই নির্বাচিত রাজনৈতিক সরকারকে ভোগাতে পারে। (বিবিসি ওয়েব পেজ : ১২.০২.২০২৬ আলী আহমেদ)

### ভোটার উপস্থিতি কম, স্বতন্ত্র প্রার্থীর অভিযোগ- সংসদ ও গণভোট নির্বাচনের সকালের চিত্র

বাংলাদেশের অয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটের ভোটগ্রহণ চলছে এবং এরই মধ্যে অংশগ্রহণকারী দলগুলোর শীর্ষ ও সিনিয়র নেতারা নিজ ভোটাধিকার প্রয়োগ করে নিজেদের জয়ের ব্যাপারে আশা প্রকাশ করেছেন। সারা দেশে কোথাও কোথাও ভোটার উপস্থিতি কম দেখা গেলেও, সার্বিকভাবে তেমন কোনো অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি। যদিও নির্বাচনের আগের রাতে অংশগ্রহণকারী দলগুলো পরস্পরের বিরুদ্ধে বিভিন্ন ধরনের অভিযোগ এনেছিল। তবে সকাল সাড়ে ৯টা পর্যন্ত গোপালগঞ্জের বিভিন্ন ভোটকেন্দ্রে ভোটার উপস্থিতি নেই বললেই চলে বলে জানিয়েছেন বিবিসি সংবাদদাতা। তিনি জানান, অনেক কেন্দ্রে ধানের শীষ ছাড়া অন্য প্রার্থীর এজেন্ট তার চোখে পড়েনি। নির্ধারিত সময় সকাল সাড়ে ৭টায় ভোটগ্রহণ শুরু হয়েছে এবং বিরতিহীনভাবে এটি চলবে বেলা সাড়ে ৪টা পর্যন্ত। অন্তর্ভূতি সরকার কার্যক্রম নিষিদ্ধ করে রাখায় আওয়ামী লীগ এই নির্বাচনে অংশ নিতে পারছে না। অন্য দলগুলোর অংশগ্রহণে ২৯টি সংসদীয় আসনে আজ ভোটগ্রহণ হচ্ছে। একজন প্রার্থীর মৃত্যুর কারণে শেরপুরের একটি আসনে আজ ভোট হচ্ছে না। নির্বাচন কমিশনের তথ্যমতে, দেশে এবার মোট ভোটার ১২ কোটি ৭৭ লাখ ১১ হাজার ৭৯৩ জন। সারা দেশে মোট ভোটকেন্দ্রের সংখ্যা ৪২ হাজার ৭৯৯টি। ইস্কাটনে ভোট দিয়ে প্রধান নির্বাচন কমিশনার এ এম এম নাসির উদ্দিন বলেছেন, ”মানুষ উৎসবের আনন্দে মেতে উঠেছে। ঈদের আনন্দ নিয়ে তারা ভোট দিচ্ছে। দুই একটি জায়গায় কেন্দ্রের বাইরে সামান্য গোলমাল হলেও, তা তাৎক্ষণিকভাবে মেটানো হচ্ছে।”

### ভোটের শুরু কেমন হলো

ঢাকাসহ সারা দেশের ভোটকেন্দ্রগুলোতেই ভোট দেওয়ার জন্য সকাল থেকেই ভোটারদের কম বেশি উপস্থিতি দেখা গেছে। আবার ঢাকাসহ অনেক জায়গায় ভোট দীরগতিতে হচ্ছে বলে অনেক ভোটার জানিয়েছেন। তবে ঢাকার কাছে গোপালগঞ্জের কিছু কেন্দ্রে ভোটার উপস্থিতি দেখা যায়নি। ভোটার উপস্থিতি কম দেখা গেছে সিলেটেও। সেখানে অনেক কেন্দ্রে সকালের দিকে পোলিং এজেন্টদের অনুপস্থিতিতে ভোটগ্রহণ শুরু হয়। তবে সংশ্লিষ্টরা আশা করছেন, সময় গড়ানোর সঙ্গে সঙ্গে কেন্দ্রগুলোতে ভোটারদের উপস্থিতি বাড়বে। বরিশালেও কিছু কেন্দ্রে দেরিতে ভোটগ্রহণ শুরুর খবর পাওয়া গেছে। বরিশাল সরকারি মহিলা কলেজ কেন্দ্রে এজেন্টের অভাবে ভোটগ্রহণ ৩০ মিনিট দেরিতে শুরু হয়েছে বলে প্রিজাইডিং অফিসার নিশ্চিত করেছেন। চট্টগ্রামের সাংবাদিক মিন্ট চৌধুরী বিবিসি বাংলাকে জানিয়েছেন, সেখানেও তেমন কোনো অপ্রীতিকর ঘটনার খবর পাননি তারা। ব্রাক্ষণবাড়িয়া-২ স্বতন্ত্র সংসদ সদস্য প্রার্থী ব্যারিস্টার রঞ্জিন ফারহানা তার এলাকায় বিভিন্ন জায়গায় সিল মারার পাঁয়তারা চলছে বলে অভিযোগ করেছেন।

”আমি সেনাবাহিনী, পুলিশ ও ডিসি সবার কাছে আমি এই কেন্দ্রগুলোর নামগুলো পাঠিয়ে দিয়েছি। দেখা যাক কী হয়,” বলেছেন তিনি। ঢাকায় এনসিপি আহ্লায়ক নাহিদ ইসলাম অবশ্য অভিযোগ করেছেন যে, বিভিন্ন জায়গায় তাদের বিভিন্ন প্রার্থী ও কর্মীদের ওপর হামলা ও নির্বাচনি ক্যাম্প বন্ধ করে দেওয়া হয়েছে। ”কিন্তু আমরা এই প্রতিকূলতাকে ফোকাস করছি না। আমরা চাই জনগণ ভোটে আসুক। ব্যালটের মাধ্যমে এসবের জবাব দিক,“ বলেছেন তিনি।

### শীর্ষ নেতারা যা বললেন

ভোটের আগের রাতে কয়েকটি জেলায় টাকা উদ্বার, নির্বাচন সংশ্লিষ্ট কয়েকজন কর্মকর্তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের পাশাপাশি কোনো কোনো জায়গায় উভেজনাকর পরিস্থিতি থাকলেও, আজ দিনের শুরুতে ভোটের পরিস্থিতি নিয়ে কার্য্য সন্তুষ্টিহীন প্রকাশ করেছেন অংশগ্রহণকারী দলগুলোর নেতারা। বিএনপির চেয়ারম্যান তারেক রহমান সকাল সাড়ে ৯টার দিকে গুলশান মডেল হাইস্কুল অ্যান্ড কলেজ কেন্দ্রে ভোট দিয়েছেন। এরপর সাংবাদিকদের সাথে আলাপকালে তিনি তার দলের জয়লাভের বিষয়ে আশা প্রকাশ করেছেন। ভোট কেমন হচ্ছে জানতে চাইলে মি. রহমান বলেন, ”সারা দেশের খবর এখনো পাইনি। তবে গত রাতে বিভিন্ন জায়গা থেকে অনাকাঙ্ক্ষিত খবর পেয়েছি, যা কাম্য নয়। আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি, আইন-শৃঙ্খলা বাহিনী কঠোর রাতে সেসব অনাকাঙ্ক্ষিত বিষয় দমন করেছে। দেশের মানুষ ভোট দিলে যে-কোনো ষড়যন্ত্র রূপে দেওয়া সম্ভব।” প্রায় একই সময়ে তারেক রহমান তার ভেরিফায়েড ফেসবুক পাতায় দেওয়া পোস্টে দেশবাসীর উদ্দেশ্যে বলেছেন, আজ আপনারা সবাই ভোটকেন্দ্রে আসুন, ভোট দিন এবং নির্বাচিত প্রার্থীদের দায়িত্ব অর্পণ করুন। কাল থেকে আপনাদের সংসদ সদস্যরাই আপনাদের দায়িত্ব নেবেন এবং আপনাদের সেবায় নিয়োজিত থাকবেন, ইনশাল্লাহ। ধানের শীমের বিজয়ী প্রতিটি প্রার্থী যেন সঠিকভাবে তাদের দায়িত্ব পালন করেন, তা নিশ্চিত করার দায়িত্ব আমি নেব।”

জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমান সকাল সাড়ে ৮টায় ঢাকার মিরপুরের মনিপুরে তার কেন্দ্রে ভোট দিয়েছেন। এরপর সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনিও সরকার গঠনের বিষয়ে আশা প্রকাশ করেছেন। নির্বাচন নিয়ে কোনো শক্তি দেখেছেন কি-না, এমন প্রশ্নের উত্তরে তিনি বলেন, ”আমি তো কেবল আসলাম, এই কেন্দ্রে এসে ভোটটা দিলাম। এখন বাকি কেন্দ্রগুলো দেখব, সারা দেশের খবর নেব। আমরা ছোটো-খাটো কোনো বিষয় হলে

অবশ্যই এগুলোকে ইগনোর করবো। কিন্তু বড়ো কোনো বিষয় হলে আমরা ছাড় দেব না এবং আমাদের যা করা প্রয়োজন, তাই করব। কারণ মানুষের ভোটের অধিকার হারিয়ে যাক, এটা আমরা কোনোভাবেই চাই না।,, ফল যাই হোক, মেনে নেবেন কি না- এমন প্রশ্নের জবাবে শফিকুর রহমান বলেন, ”আমরা চাই সুষ্ঠু ভোটের মাধ্যমে রেজাল্ট ঘেটা হবে, সেইটা। ভোট যখন সুষ্ঠু হবে, নিরপেক্ষ হবে, সেই রেজাল্ট আমরাও মানবো, অন্যদেরকেও মানতে হবে।,, বিএনপি মহাসচিব মীর্জা ফখরুল ইসলাম আলমগীর ঠাকুরগাঁওয়ে ভোট দিয়েছেন। ভোটের পর তিনি বলেছেন, ”অনেক রক্তপাত ও আআত্যাগের মধ্যদিয়ে যে নির্বাচন দিয়ে শুভ সূচনা হয়েছে। এ নির্বাচন আশা করছি, সুষ্ঠু, অবাধ, নিরপেক্ষ ও শান্তিপূর্ণ হবে। সবার অংশগ্রহণে এ নির্বাচন বাংলাদেশের জন্য নতুন অধ্যায়ের সূচনা হবে। জামায়াত জোটে থেকে নির্বাচন করা এনসিপির আহ্মায়ক নাহিদ ইসলাম ভোট দিয়েছেন বাড়ার একেএম রহমতউল্লাহ বিশ্বিদ্যালয় কলেজে কেন্দ্রে ভোট দিয়েছেন সকাল ৮টায়। এরপর সাংবাদিকদের উদ্দেশ্যে তিনি বলেন, ”ব্যালটে জনরায় প্রতিফলিত হবে। আমরা সরকার গঠনের দ্বারপ্রাণ্তে রয়েছি। ব্যাপক ভোটার উপস্থিতিই আমাদের লক্ষ্য। কেন্দ্র পাহাড়া দেব। জনরায়কে মেনে নেব। জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার ভোট দিয়েছেন খুলনায়। সকালে ভোট সাংবাদিকদের তিনি বলেন, ”ভোটগ্রহণ শুরু হয়েছে। এ মুহূর্তে পর্যন্ত যা দেখছি, তা ইতিবাচক। উৎসবমুখর মানসিকতার সাড়া পাওয়া যাচ্ছে। ভোটারদের লম্বা লাইন দেখলাম। আমি আমার এখনো কোনো শক্ত দেখছি না।,(বিবিসি ওয়েব পেজ : ১২.০২.২০২৬ আলী আহমেদ)

### নির্বাচনের দিন নেতাদের যত অভিযোগ-পাল্টা অভিযোগ

অরোদশ জাতীয় নির্বাচন ঘিরে সারা দেশে চলছে ভোটগ্রহণ। বড়ো ধরনের অনিয়মের কোনো খবর না এলেও, নির্বাচন ঘিরে অভিযোগ-পাল্টা অভিযোগ করেছেন, কয়েকটি রাজনৈতিক দলের নেতা ও স্বতন্ত্র প্রার্থী। প্রতিপক্ষের প্রভাব খাটানোর অভিযোগ করেছেন এবারের নির্বাচনের অন্যতম প্রতিদৰ্শী জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমান। তার অভিযোগ, কুমিল্লার লাকসামের বরংড়া এলাকার কয়েকটি ভোটকেন্দ্র থেকে জামায়াতের পোলিং এজেন্টদের বের করে দেওয়া হয়েছে। এছাড়াও, তার নিজের নির্বাচনি এলাকা ঢাকা-১৫-তে মণিপুর গার্লস স্কুল কেন্দ্রে বিপক্ষের সমর্থকরা প্রভাব খাটানোর চেষ্টা করেছিল বলেও অভিযোগ করেন তিনি। তবে সেনাবাহিনীর সদস্যরা এসে পরিস্থিতি সামাল দিয়েছে বলে জানান মি. রহমান। কারা বের করে দিয়েছে, এমন প্রশ্নের স্পষ্ট জবাব না দিয়ে তিনি বলেন, ”প্রতিপক্ষ”। তবে সামগ্রিকভাবে মোটামুটি শান্তিপূর্ণভাবে ভোট হচ্ছে বলেও মন্তব্য করেন তিনি। ”কোথাও কোথাও প্রভাব খাটানোর চেষ্টা হচ্ছে, বলে দাবি করেছেন, জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। খুলনা-৫ আসন থেকে নির্বাচনে লড়ছেন তিনি। মি. পরওয়ার বলেন, ”সামগ্রিকভাবে ভোটের যে চিত্র, তাতে কিছু জায়গায় ভোট কেন্দ্রের বাইরে প্রভাব খাটানোর চেষ্টা আছে।, তবে মানুষ স্বত্ত্বের সাথে ভোট দিতে পারছে বলেও মন্তব্য করেছেন তিনি।

এদিকে, সেনাবাহিনীর সামনে দলের কর্ম-সমর্থকদের মাথায় আঘাত করার অভিযোগ করেছেন, ঢাকা-৮ আসনের এনসিপি প্রার্থী নাসীরুল্লাহ পাটওয়ারী। তিনি বলেন, এরপর সেনাবাহিনীকে তারা অভিযোগ জানালে সেনাবাহিনী তাদের উদ্ধার করে পাঠিয়ে দেয়। এছাড়াও, ঝুঁকিপূর্ণ দুটি কেন্দ্রে ভোট ডাকাতির মহোৎসব’ চলছে এবং তারা ”গায়ে পড়ে মারামারি করে ঢাকা-৮ আসনের ভোট বানচাল করতে চাচ্ছে,, বলেও মন্তব্য করেন মি. পাটওয়ারী। তিনি ঝুঁশিয়ারি দিয়ে জানান, তাদের ওপর আঘাত করলে বেশিরভাগ ক্ষেত্রেই পাল্টা আঘাত করার ইচ্ছা ছিল না তাদের। কিন্তু তাদেরকে যদি মারতে আসা হয়, তাহলে এবার উল্টো পক্ষকে মার খেতেও হবে। ”এখন সময় প্রতিরোধের। যদি ঢাকা-৮-এ ভোট ডাকাতি হয়, তাহলে মীর্জা আবাসের যেই রাজত্ব আছে, আল্লাহ’র কসম করে বলছি, সেই রাজত্ব আমরা খানখান করে দেবো, তচনছ করে দেব। (নির্বাচনে জয়ী) হই বা না হই, বিএনপি নামক দলটিকে বাংলাদেশ থেকে আমরা নিশ্চিহ্ন করে দেব।,, এ অভিযোগ অস্বীকার করেছে বিএনপি। দলটির নির্বাচন পরিচালনা কমিটির একজন সদস্য বিবিসি বাংলাকে বলেছেন, সেখানে ভোট ডাকাতি বা অনিয়মের কোনো ঘটনা ঘটেনি।

এর আগে, সকাল সাড়ে ৯টায় ব্রাক্ষণবাড়িয়া-২ আসনের স্বতন্ত্র প্রার্থী রূমিন ফারহানা নিজ এলাকায় ভোট দেওয়া শেষে সাংবাদিকদের জানান, তার এলাকার ঝুঁকিপূর্ণ কেন্দ্রগুলোতে দুপুরের দিকে ‘সিল মারার পাঁয়তারা’ চলছে বলে তার কাছে খবর এসেছে। পূর্ব সর্তর্কতা থেকে সেনাবাহিনী, পুলিশ ও ডিসির কাছে কেন্দ্রগুলোর নামগুলো পাঠানোর কথা ও জানান তিনি। এছাড়া, ভোটকেন্দ্রে কিছু অনিয়মের অভিযোগ করেছে বিএনপি। দলটির নির্বাচন পরিচালনা কমিটির মুখ্যপাত্র ও বিএনপি চেয়ারম্যানের উপদেষ্টা জনাব মাহদী আমিন এক বিবৃতিতে সারা দেশ থেকে গত রাতে পাওয়া কিছু অনাকাঙ্ক্ষিত ঘটনার প্রসঙ্গ টেনে জানিয়েছেন, চলমান ভোটগ্রহণ প্রক্রিয়ার পূর্ণাঙ্গ চিত্র এখনো তাদের হাতে আসেনি। ”তবে নেয়াখালীর হাতিয়া ও কুমিল্লার চৌদ্দগ্রামসহ দেশব্যাপী কিছু জায়গায় কিছু অসংগতি এবং অনাকাঙ্ক্ষিত বিষয় আজও দেখা যাচ্ছে, কোনো কোনো কেন্দ্রে ভোটারদের লম্বা লাইন দেখা গেলেও, ভোটগ্রহণ প্রক্রিয়ার গতি আশানুরূপ নয়।,, এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন তিনি এবং আশা প্রকাশ করেন যে, যারা দায়িত্বপ্রাপ্ত রয়েছেন, তারা পেশাদারিত্ব ও নিরপেক্ষতার সাথে সেগুলো সমাধান করবেন। প্রসঙ্গত, এবারের জাতীয় নির্বাচনে দেশের ২৯টি

আসনে ভোটগ্রহণ অনুষ্ঠিত হচ্ছে। গণ-অভ্যর্থনারের পর প্রথমবারের মতো আয়োজিত এই নির্বাচনে নেই ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ। জাতীয় নির্বাচনের পাশাপাশি চলছে গণভোটও।

(বিবিসি ওয়েব পেজ : ১২.০২.২০২৬ আলী আহমেদ)

### এনএইচকে

#### ইরান চুক্তি নিয়ে আলোচনার জন্য নেতানিয়াহুর সাথে ট্রাম্পের সাক্ষাৎ

বুধবার হোয়াইট হাউসে মার্কিন প্রেসিডেন্ট ডেনান্ড ট্রাম্প এবং তার ইসরায়েলি প্রতিপক্ষ বেনিয়ামিন নেতানিয়াহুর মধ্যে বৈঠক অনুষ্ঠিত হয়েছে। উভয় নেতা তেহরানের সাথে পারমাণবিক চুক্তিতে পৌঁছানোর বিষয়ে মার্কিন প্রচেষ্টা নিয়ে আলোচনা করেছেন। ট্রাম্প এটিকে 'খুব ভালো একটি বৈঠক, বলে বর্ণনা করেছেন। গত সপ্তাহে ওমানে জ্যেষ্ঠ মার্কিন ও ইরানি কর্মকর্তাদের মধ্যে আলোচনার পর দুই নেতার এই রূদ্ধদ্বার বৈঠক অনুষ্ঠিত হলো। ইসরায়েলি গণমাধ্যম জানিয়েছে যে ট্রাম্পের দ্বিতীয় মেয়াদে এটি দুই নেতার মধ্যে সপ্তম বৈঠক। আলোচনা শেষ হওয়ার কিছুক্ষণ পরেই, ট্রাম্প সামাজিক যোগাযোগ মাধ্যমে এই বিষয়ে পোস্ট করেন। তিনি বলেন, "কোনও চূড়ান্ত সিদ্ধান্তে পৌঁছানো যায়নি।" তবে তিনি বলেন যে, ইরানের সাথে আলোচনা চালিয়ে যাওয়ার প্রয়োজনীয়তার উপর তিনি জোর দিয়েছেন, যাতে করে একটি পারমাণবিক চুক্তি করা যায় কি না, সেটি দেখা যায়। ট্রাম্প বলেন, "আশা করছি এবার তারা আরও যুক্তিসংজ্ঞত এবং দায়িত্বশীল হবেন।" ট্রাম্প এই ইঙ্গিত দেন যে, আলোচনা ব্যর্থ হলে তিনি তেহরানের বিরুদ্ধে সামরিক পদক্ষেপ নিতে পারেন। নেতানিয়াহু হয়তো ইরানের ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র কর্মসূচি সীমিতকরণ এবং আঞ্চলিক সহযোগীদের প্রতি সমর্থন বক্স করার জন্য চাপ দিয়েছেন।

এদিকে, ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান ইসলামি বিপ্লবের ৪৭তম বার্ষিকী উপলক্ষ্যে তেহরানে একটি অনুষ্ঠানে যোগ দিয়েছেন। তিনি জাতীয় ঐক্যের আঙ্গন জানিয়েছেন এবং "জনগণের কঠিন শোনার" প্রতিশ্রুতি দিয়েছেন। পেজেশকিয়ান বলেন, "আমরা পারমাণবিক অস্ত্র তৈরি করতে চাই না। আমরা এটি বিভিন্ন সময়ে বার বার বলেছি। এবং এটি যাচাইয়ের জন্য যে-কোনো ধরনের পরিদর্শনে আমরা প্রস্তুত।" তিনি আলোচনা সফল হতে না দেওয়ার জন্য মার্কিন যুক্তরাষ্ট্র এবং ইউরোপকে দায়ী করেছেন। (এনএইচকে ওয়েব পেজ : ১২.০২.২০২৬ নারগীস)

### আকাশবাণী কলকাতা

#### কড়া নিরাপত্তায় বাংলাদেশে অযোদশ জাতীয় সংসদ নির্বাচন এবং গণভোট গ্রহণ চলছে

কড়া নিরাপত্তায় বাংলাদেশের অযোদশ জাতীয় সংসদ নির্বাচন এবং একযোগে গণভোটের জন্য ভোটগ্রহণ চলছে। ২৯৯ টি আসনের ৪২,৭৭৯টি কেন্দ্রে বাংলাদেশের সময় অনুযায়ী, বিকেল সাড়ে ৪টা পর্যন্ত ভোটগ্রহণ চলবে। একজন প্রার্থী মারা যাওয়া শেরপুর-৩ কেন্দ্রে ভোটগ্রহণ স্থগিত রাখা হয়েছে। এদিকে বাংলাদেশ ন্যাশনালিস্ট পার্টি বিএনপির চেয়ারম্যান তারেক রহমান বলেছেন, তার দলই নির্বাচনে জয়লাভ করবে। জামায়াতে ইসলামীর প্রধান আমির শফিকুর রহমান বলেছেন, নির্বাচনে কোনরূপ বেনিয়ম বরদাস্ত করা হবে না। সে দেশে স্বরাষ্ট্র দণ্ডের মুখ্য উপদেষ্টা জাহাঙ্গীর আলম চৌধুরী বলেছেন, ভোটগ্রহণ এখনো পর্যন্ত শাস্তিপূর্ণভাবেই চলছে।

(আকাশবাণী কলকাতা: ১৩:৩০ ঘ, ৩০.১২.২০২৫ রুবাইয়া)

### ডয়চে ভেলে

#### নাসীরুদ্দীন পাটওয়ারীকে ঘিরে উত্তেজনা, সেনাবাহিনীর হস্তক্ষেপ

ঢাকা-৮ সংসদীয় আসনে ১১-দলীয় নির্বাচনি ঐক্যের প্রার্থী নাসীরুদ্দীন পাটওয়ারীকে ঘিরে উত্তেজনা সৃষ্টি হয়েছে। বৃহস্পতিবার দুপুর ১২টার দিকে শাহজাহানপুরে রেলওয়ে সরকারি উচ্চ বিদ্যালয় কেন্দ্রে তিনি চুক্তে গেলে বিএনপির প্রার্থী মীর্জা আবরাসের একদল নেতা-কর্মী তাকে ঘিরে 'ভুয়া' 'ভুয়া' জ্বগান দেন। প্রায় ১০ থেকে ১৫ মিনিট উত্তপ্ত পরিস্থিতি চলার পর সেনাবাহিনীর হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। পরে পাটওয়ারী সেনাবাহিনীর পাহারায় গাড়িতে করে নিরাপদে ওই এলাকা ছাড়েন। এ ঘটনায় পাটওয়ারী ও মীর্জা আবরাসের বক্তব্য তাৎক্ষণিকভাবে জানা সম্ভব হয়নি। (ডয়চে ভেলা ওয়েব পেজ: ১২.০২.২০২৫ রুবাইয়া)

#### খুলনায় ভোটকেন্দ্রে বিএনপি নেতার মৃত্যু, জামায়াতের বিরুদ্ধে অভিযোগ

খুলনায় ভোটকেন্দ্রে গিয়ে মহানগর বিএনপি নেতা মহিবুজ্জামান কঢ়ি (৬০) মারা গেছেন। আজ বৃহস্পতিবার সকাল ৯টার দিকে খুলনা আলিয়া মাদ্রাসার ভোটকেন্দ্রে এ ঘটনা ঘটে। মহিবুজ্জামান কঢ়ি খুলনা মহানগর বিএনপির সাবেক দণ্ডের সম্পাদক ছিলেন। বিএনপির অভিযোগ, মহিবুজ্জামান কঢ়ি সকালে খুলনা আলিয়া মাদ্রাসার ভোটকেন্দ্রে ভোট দিতে গিয়েছিলেন। কেন্দ্রের ভেতরে ভোট চাওয়ার বিরোধিতা করলে প্রতিপক্ষ জামায়াতের লোকজন তাকে ধাক্কা দিয়ে ফেলে দেন। এতে তিনি পড়ে গিয়ে মাথায় আঘাত পান। পরে হাসপাতালে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। মহানগর বিএনপির মিডিয়া সেলের আহ্বায়ক মিজানুর রহমান জানান, মহিবুজ্জামান কঢ়ি দীর্ঘদিন

হৃদরোগে ভুগছিলেন। আলিয়া মাদ্রাসার অধ্যক্ষ আবদুর রহিম জামায়াতের প্রচারণায় ছিলেন। তাকে বাধা দিলে তিনি ও তার সহযোগীরা মহিবুজামান কচিকে ধাক্কা দেন এবং তিনি গাছের সঙ্গে মাথায় আঘাত পান। তবে জামায়াতের কেন্দ্র পরিচালক মাহবুবুর রহমান বলেন, ”আমাদের নারী কর্মীদের বিএনপির লোকজন বের করে দিচ্ছিলেন। আমি বাধা দিই। তখন তাদের মধ্যে একজন অসুস্থ হয়ে পড়েন। কাউকে ধাক্কা বা মারধরের ঘটনা ঘটেনি।” খুলনা-২ আসনে বিএনপি মনোনীত প্রার্থী নজরুল ইসলাম অধ্যক্ষ ও তার সহযোগীকে গ্রেফতার এবং আইনগত ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১২.০২.২০২৬ রুবাইয়া)

### নির্ভয়ে ভোট দিতে সেনাপ্রধানের আহ্বান

সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান ভোটারদের নির্ভয়ে ভোটকেন্দ্রে যাওয়ার আহ্বান জানিয়েছেন। আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টার পরে রাজধানীর আদমজী ক্যান্টনমেন্ট কলেজ কেন্দ্রে ভোট দিয়ে সাংবাদিকদের তিনি বলেন, ”সবাইকে অনুরোধ করব, সম্মানিত ভোটারদের অনুরোধ করব, আপনারা নির্ভয়ে বাসা থেকে বের হয়ে পোলিং স্টেশনে যাবেন এবং ভোট দেবেন।” তিনি শাস্তিপূর্ণ ভোটগ্রহণের ব্যাপারে আশাবাদ ব্যক্ত করেন।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১২.০২.২০২৬ রুবাইয়া)

### বাগেরহাটে জামায়াত-বিএনপি সমর্থকদের সংঘর্ষে আহত ১৯

নির্বাচনকে কেন্দ্র করে বাগেরহাটের শরণখোলায় জামায়াতে ইসলামী ও বিএনপির প্রার্থীর সমর্থকদের মধ্যে সংঘর্ষে উভয় পক্ষের অস্তত ১৯ জন আহত হয়েছেন। বেলা ১১টার দিকে উপজেলার সাউথখালী ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ডের সোনাতলা গ্রামে একটি ভোটকেন্দ্রে যাওয়ার সড়কে এ ঘটনা ঘটে। ভোটকেন্দ্রে যাওয়ার রাস্তায় দাঁড়ানো ও পথ আটকানো নিয়ে দুই পক্ষের কথা-কাটাকাটি থেকে সংঘর্ষের সূত্রপাত হয়। আহতদের মধ্যে জামায়াতের সাবির, তরিকুল, সোবহান, নাজমা ও ফরিদাসহ মোট ১৫ জন এবং বিএনপির রফিকুল ও ছিদ্রিকসহ ৪ জন রয়েছেন। আহতদের মধ্যে চারজনকে খুলনা মেডিক্যাল কলেজ হাসপাতাল এবং চারজনকে শরণখোলা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। এই ঘটনার পর এলাকায় উদ্ভেজনা বিরাজ করলেও, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর তৎপরতায় পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে।

এদিকে, একই দিন বেলা ১১টার দিকে কচুয়া উপজেলার বিছট সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রের পাশ থেকে যৌথ বাহিনী নাহিদ নামের এক যুবককে দেশীয় অস্ত্রসহ আটক করে। তার কাছ থেকে রামদা ও লাঠিসোঁটা উদ্ধার করা হয়েছে। বাগেরহাট সদর উপজেলার হাড়িখালী এলাকায় যৌথ বাহিনীর অভিযানে একটি ফার্নিচারের দোকান থেকে কয়েকটি দেশীয় অস্ত্র উদ্ধার করা হয়েছে। পুলিশ সুপার হাসান চৌধুরী বলেন, ”আমরা অপরাধীদের ব্যাপারে জিরো ট্লারেন্স নীতিতে আছি। কোনো ধরনের অপরাধ করতে চাইলে সংশ্লিষ্টদের আইনের আওতায় আনা হবে।”

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১২.০২.২০২৬ রুবাইয়া)

### নির্বাচনে ভোট দিয়ে শীর্ষ তিনি প্রার্থীর প্রত্যাশা ও আশা

আজ বৃহস্পতিবার অযোদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোট দিয়ে এই নির্বাচনের তিন গুরুত্বপূর্ণ প্রার্থী, তাদের প্রত্যাশা ব্যক্ত করেছেন। বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান বলেন, ”গত রাতে বিভিন্ন জায়গা থেকে কিছু অনাকাঙ্ক্ষিত খবর পেয়েছি, যেটা কাম্য নয়। আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী অত্যন্ত কঠোরভাবে সেসব ঘটনা দমন করেছে।” তবে তিনি যোগ করেন, ”মাত্র ভোটগ্রহণ শুরু হয়েছে। শেষটা না দেখে এখনই কিছু বলব না। আমি দৃঢ়ভাবে আশাবাদী।” জাতীয় নাগরিক পার্টির আহ্বায়ক নাহিদ ইসলাম রাজধানীর বাড়ভায় ভোট দিয়ে বলেন, ”গত ১৬ বছরে সুষ্ঠুভাবে ভোট দেওয়ার সুযোগ ছিল না। এখন গণতন্ত্রে ফেরার সুযোগ এসেছে।” বিভিন্ন এলাকায় তার দলের নেতা-কর্মীদের ওপর হামলার অভিযোগ তুলে তিনি বলেন, ”আমরা প্রতিকূলতাকে গুরুত্ব দিচ্ছি না। ভোটকেন্দ্র পাহারা দেব।” তিনি জয়ের ব্যাপারে আশাবাদ ব্যক্ত করে বলেন, ”জনগণের রায় মেনে নেব।” জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমান মিরপুরে ভোট দিয়ে বলেন, ”২০১৪, ২০১৮, ২০২৪ সালে জেলেই ছিলাম। তিনটা ভোট হারানোর পর আজ আল্লাহ ভোট দেওয়ার সুযোগ দিয়েছেন।” তিনি আশা করেন, এই ভোটের মাধ্যমে ১৮ কোটি মানুষের সরকার গঠিত হবে। শাস্তিপূর্ণ, সুস্থ ও সংগ্রামমুক্ত নির্বাচনের জন্য দোয়া করে তিনি বলেন, ”এই দেশটা গড়তে হবে সকলে মিলে। দেশ গড়ার কাজে গণমাধ্যমকে আমাদের পাশে চাই।” (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১২.০২.২০২৬ রুবাইয়া)

### মানুষ ভোট দেবেন, চক্রান্ত সফল হবে না : তারেক

বিএনপির প্রধান তারেক রহমান বলেছেন, আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি, বাংলাদেশের মানুষ তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন, চক্রান্ত সফল হবে না। তবে এই চক্রান্ত কারা করছেন, কী ধরনের চক্রান্ত হচ্ছে, সে বিষয়ে তিনি কিছু বলেননি। ভোট দেওয়ার পর তারেক বলেছেন, নতুন গণতন্ত্রের সূচনায় আমি সবাইকে আমার শুভেচ্ছা জানাচ্ছি। ডিডারিউ কনটেন্ট পার্টনার প্রথম আলো জানাচ্ছে, গুলশান ২ নম্বরের গুলশান মডেল হাইস্কুল অ্যান্ড কলেজ কেন্দ্রে

ভোট দেন তারেক রহমান। তিনি ঢাকা-১৭ আসনের বিএনপি প্রার্থী। সকাল সাড়ে ৯টার দিকে তারেক রহমান কেন্দ্রে প্রবেশ করেন। ভোট দিয়ে বেরিয়ে এসে পৌনে ১০টার দিকে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন তিনি।  
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১২.০২.২০২৬ রুবাইয়া)

### গুলশানে ভোট দিলেন প্রধান উপদেষ্টা

ভোট দিলেন প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনুস। গুলশান মডেল হাইস্কুল অ্যান্ড কলেজে ভোট দিয়ে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন অন্তর্ভূতি সরকারের প্রধান উপদেষ্টা। তিনি বলেন, "আজকে থেকে আমরা প্রতিটি পদে নতুন বাংলাদেশ সৃষ্টি করার সুযোগ পেলাম। আজকে জন্মদিন পালন করি, আমরা সারাদিনব্যাপী। সবাই উৎসব করি এবং নিশ্চিতভাবে গণভোট দেবেন। প্রার্থীদের ভোট গুরুত্বপূর্ণ। গণভোট কিন্তু খুবই গুরুত্বপূর্ণ। আজ বাংলাদেশে সবার জন্য আনন্দের দিন, মুক্তির দিন। আমাদের দুঃস্বপ্নের অবসান, নতুন স্বপ্নের শুরু। সবাইকে মোবারকবাদ জানাচ্ছি। সেই মোবারক।" (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১২.০২.২০২৬ রুবাইয়া)

### গোপালগঞ্জে ভোটকেন্দ্রে ককটেল, আহত তিনি

গোপালগঞ্জ সদর উপজেলার একটি ভোটকেন্দ্রে ভোটগ্রহণ চলার সময় ককটেল ছোড়ে দুঃস্থিকারীরা। এর ফলে দুই আনসার সদস্যসহ তিনজন আহত হয়েছেন। বৃহস্পতিবার সকাল সাড়ে ৯টা নাগাদ রেশমা ইন্টারন্যাশনাল স্কুল ভোটকেন্দ্রে এই ঘটনা ঘটে। ভোটকেন্দ্রে দায়িত্বরত উপ-পরিদর্শক (এসআই) জাহিদুল ইসলাম জানান, "সকাল থেকে কেন্দ্রটিতে শাস্তিপূর্ণভাবে ভোটগ্রহণ চলছিল। দুর্ভুতরা কেন্দ্রের বাইরে খালের ওপার থেকে ককটেল নিষ্কেপ করে। বিস্ফোরণে দায়িত্বরত দুই আনসার সদস্য এবং একজন ভোটারের সঙ্গে আসা শিশু আহত হয়। বিস্ফোরণের শব্দে ভোটারদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে।" (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১২.০২.২০২৬ রুবাইয়া)

### ভোট দিয়ে সিইসি যা বললেন

বাংলাদেশের প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদীন বলেছেন, "আমি বিভিন্ন মাধ্যমে খোঁজ-খবর নিয়ে এখন পর্যন্ত যা জানতে পেরেছি, সারা দেশে উৎসবমুখর পরিবেশে ভোটগ্রহণ চলছে। দু-একটি জায়গায় ভোটকেন্দ্রের বাইরে কিছু গোলমাল হলেও, তাৎক্ষণিকভাবে সেগুলোর সমাধান করা হয়েছে।" তিনি বলেছেন, "দেশ গণতন্ত্রায়ণের ট্রেনে উঠে গেছে। অবশ্যই গন্তব্যে পৌঁছাবে।" বৃহস্পতিবার সকাল সাড়ে ৯টায় ঢাকার ইস্কাটন গার্ডেন উচ্চবিদ্যালয় কেন্দ্রে ভোট দেওয়ার পর তিনি সাংবাদিকদের এই কথা বলেন। সিইসি বলেন, "আমরা জাতির কাছে ওয়াদা করেছিলাম, একটা উৎসবমুখর পরিবেশের ভোট জাতিকে উপহার দেব। এই ক্যান্ডিনে ঈদের সময়ের মতো মানুষ ট্রেনে, বাসে, লক্ষে করে উৎসবমুখর পরিবেশে গ্রামে-গঞ্জে চলে গেছে ভোট দেওয়ার জন্য। গ্রামে-গঞ্জে মানুষ উৎসবের আমেজে ভোট দিচ্ছে। অনেকদিন পর উৎসবমুখর পরিবেশে আনন্দের সঙ্গে ভোট দিতে পেরে তারাও উদ্বেগিত।" (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১২.০২.২০২৬ রুবাইয়া)

### সিরাজগঞ্জে প্রিসাইডিং অফিসার প্রত্যাহার

সিরাজগঞ্জের রায়গঞ্জ উপজেলায় নির্বাচনি আচরণবিধি লজ্জনের দায়ে চারজনকে ৫০ হাজার টাকা জরিমানা করেছে ভার্যমাণ আদালত। এ ঘটনায় একটি ভোটকেন্দ্রের প্রিসাইডিং অফিসার আবুল খায়ের শেখকে প্রত্যাহার করা হয়েছে। এদিকে, এবারের নির্বাচনে সবচেয়ে বেশি ভোটার গাজীপুর-২ আসনে। মোট ভোটার ৮ লাখ ৪ হাজার ৩৩৩ জন। সবচেয়ে কম ভোটার ঝালকাঠি-১ আসনে। এই আসনে ভোটার সংখ্যা ২ লাখ ২৮ হাজার ৪৩১ জন।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১২.০২.২০২৬ রুবাইয়া)

### নির্বাচনে অনিয়ম ও জাল ভোটের অভিযোগ দুই পক্ষের

অ্যোদশ জাতীয় সংসদ নির্বাচনে জাল ভোট ও অনিয়মের অভিযোগ তুলেছেন জামায়াতে ইসলামী ও বিএনপির নেতারা। জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমান আজ বৃহস্পতিবার বিকেল ৩টা ৫০ মিনিটে তার ভেরিফায়েড ফেসবুক পেজে লেখেন, "দেশের বিভিন্ন জায়গায় জাল ভোট দেওয়ার চেষ্টা করা হচ্ছে। বিভিন্ন জায়গায় পোলিং এজেন্টদের ওপর হামলা করে জখম করা হচ্ছে, নারীদের হেনস্টা করা হচ্ছে। বেশ কিছু জায়গায় কেন্দ্র দখলের অপচেষ্টাও চালানো হচ্ছে।" তিনি দেশবাসীকে ভোট রক্ষার আহ্বান জানিয়ে বলেন, "আপনার মূল্যবান ভোটটি যাতে কেউ ছিনিয়ে নিতে না পারে, সে জন্য আপনারা ভোটকেন্দ্রগুলোর পাহারাদার হয়ে যান, আইন-শৃঙ্খলা বাহিনীকে সহযোগিতা করুন।" অন্যদিকে, বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান বিভিন্ন ক্ষেত্রে অনিয়মের অভিযোগ সম্পর্কে বলেন, "যারা এসব ঘটনা ঘটাচ্ছে, তাদের প্রতি তো মানুষের বিরুদ্ধ ধারণা হবে। তারা তো বিভিন্নভাবে বিভাস্ত করার বা অনেতিক কাজ করার চেষ্টা করছে।" ভোট গণনা বিলম্বিত হতে পারে কি না- জানতে চাইলে তারেক রহমান বলেন, "যখন সারা দেশের মানুষ দ্রুত তাদের ভোট দিচ্ছে, তখন তারা দ্রুতই ফলাফল চাইবে। আমরা আশা করি, নির্বাচন কমিশন চেষ্টা করবে, যেন দেশের মানুষ সময়মতো তাদের ভোটের ফল পেতে পারে।"

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১২.০২.২০২৬ রুবাইয়া)

## নির্বাচন সুর্তুভাবে অনুষ্ঠিত হওয়ায় জাতির প্রতি কৃতজ্ঞতা প্রধান উপদেষ্টার

অযোদশ জাতীয় সংসদ নির্বাচন এবং জুলাই জাতীয় সনদ বাস্তবায়নের ওপর অনুষ্ঠিত গণভোট শান্তিপূর্ণ, সুশৃঙ্খল ও উৎসবমুখর পরিবেশে সম্পন্ন হওয়ায়, সমগ্র জাতিকে আন্তরিক অভিনন্দন ও কৃতজ্ঞতা জানিয়েছেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনুস। আজ এক বিবৃতিতে তিনি এ কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। নির্বাচনে ভোটগ্রহণ শেষে প্রধান উপদেষ্টা বলেন, ”ভোটারদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ, রাজনৈতিক দলগুলোর দায়িত্বশীল আচরণ, প্রার্থীদের সংযম ও নির্বাচন-সংশ্লিষ্ট সব প্রতিষ্ঠানের পেশাদারিত্ব- এই সম্মিলিত প্রচেষ্টাই প্রমাণ করেছে যে, গণতন্ত্রের প্রতি আমাদের অঙ্গীকার আটুট। জনগণ তাদের সাংবিধানিক অধিকার প্রয়োগের মাধ্যমে দেশের ভবিষ্যৎ নির্ধারণে সংক্ষিয় ভূমিকা রেখেছেন।” অধ্যাপক মুহাম্মদ ইউনুস নির্বাচন কমিশন, সশস্ত্র বাহিনী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, প্রশাসন, পর্যবেক্ষক দল, গণমাধ্যমকর্মী এবং ভোটগ্রহণে সম্পৃক্ত সব কর্মকর্তা-কর্মচারীর প্রতি বিশেষ ধন্যবাদ জানান। তিনি বলেন, ”তাদের নিষ্ঠা ও পরিশ্রমের ফলেই এই বিশাল গণতান্ত্রিক আয়োজন সফলভাবে সম্পন্ন হয়েছে।, প্রধান উপদেষ্টা রাজনৈতিক দল ও প্রার্থীদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, ”চূড়ান্ত ফলাফল ঘোষণার পরও যেন গণতান্ত্রিক শালীনতা, সহনশীলতা ও পারম্পরিক শ্রদ্ধাবোধ আটুট থাকে। মতের ভিন্নতা থাকবে, কিন্তু জাতীয় স্বার্থে ঐক্যবদ্ধ থাকতে হবে।, তিনি বলেন, ”বাংলাদেশ আজ আবারও প্রমাণ করেছে, জনগণই সকল ক্ষমতার উৎস। এই নির্বাচন আমাদের জন্য মহা আনন্দের ও উৎসবের। এর মধ্যদিয়ে নতুন বাংলাদেশের এক অভৃতপূর্ব যাত্রা শুরু হলো।, প্রধান উপদেষ্টা উল্লেখ করেন, এই নির্বাচন দেশের ইতিহাসে সবচেয়ে শান্তিপূর্ণ ও উৎসবমুখর। তিনি এই ধারা ধরে রাখতে এবং গণতন্ত্রকে শক্তিশালী করার অভিযাত্রায় একসঙ্গে কাজ করার আহ্বান জানান।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১২.০২.২০২৬ রুবাইয়া)

## নির্বাচন ছিল সুপরিকল্পিত প্রহসন : শেখ হাসিনা

সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশে বৃহস্পতিবার অনুষ্ঠিত হওয়া নির্বাচনকে ‘প্রহসন, ও ‘প্রতারণামূলক, বলেছেন। এক বিবৃতিতে তিনি এই কথা বলেন। শেখ হাসিনা বলেন, ”আজকের তথাকথিত নির্বাচন ছিল মূলত একটি সুপরিকল্পিত প্রহসন। জনগণের ভোটাধিকার, গণতান্ত্রিক মূল্যবোধ ও সংবিধানের চেতনাকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে আয়োজন করা হয়েছে আওয়ামী লীগবিহীন, ভোটারবিহীন প্রতারণামূলক নির্বাচন।, ১১ ফেব্রুয়ারি সন্ধ্যার পর থেকে ভোটকেন্দ্র দখল, গোলাগুলি, ভোট কেনাবেচায় টাকার ছড়াছড়ি, ব্যালট পেপারে সিল প্রদান এবং ফলাফল শিটে এজেন্টদের স্বাক্ষর গ্রহণের মধ্যদিয়েই এই প্রহসনের সূচনা হয় বলে বিবৃতিতে বলেন তিনি। ”১২ ফেব্রুয়ারি সকাল থেকে সারা দেশের অধিকাংশ ভোটকেন্দ্রে ভোটার উপস্থিতি ছিল একেবারেই নগণ্য,” যোগ করেন শেখ হাসিনা। নির্বাচন কমিশনের তথ্য উল্লেখ করে শেখ হাসিনা বলেন, ”সকাল ১১টা পর্যন্ত ভোটগ্রহণের হার ছিল মাত্র ১৪.৯৬%। ভোটগ্রহণের উৎকর্ষ সময়ে জনগণের এই কম অংশগ্রহণই প্রমাণ করে যে, আওয়ামী লীগবিহীন এই ভোট জনগণ বর্জন ও প্রত্যাখ্যান করেছে।, তিনি দাবি করেন, বিগত কয়েকদিন ধরে আওয়ামী লীগের ভোটার, সমর্থক-শুভানুধ্যায়ী ও সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর লাগাতার হামলা, গ্রেফতার ও ভয়ভীতি প্রদর্শন করা হয়েছে। তবুও সকল ভয়ভীতি উপেক্ষা করে তারা এই প্রতারণামূলক নির্বাচন বর্জন ও প্রত্যাখ্যান করেছে,, বলেন শেখ হাসিনা। এই নির্বাচন বাতিল, অধ্যাপক ইউনুসের পদত্যাগ, সকল রাজবন্দির মুক্তি, আওয়ামী লীগের ওপর স্থগিতাদেশ প্রত্যাহার এবং নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নতুন নির্বাচনের দাবি জানিয়েছেন তিনি। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১২.০২.২০২৬ রুবাইয়া)

## কয়েকটি আসনের ফলাফল নিয়ে অভিযোগ

জাতীয় সংসদ নির্বাচনে ঢাকা-৮ আসন নিয়ে বৃহস্পতিবার রাতেই কিছুটা উভ্রেজনা দেখা গেছে। জাতীয় নাগরিক পার্টি-এনসিপির নেতারা ও বিএনপির প্রার্থী মীর্জা আব্রাস এই আসনের ফলাফল নিয়ে পাল্টাপাল্টি বক্তব্য দেন। ঢাকা বিভাগীয় কমিশনারের (রিটার্নিং কর্মকর্তা) কার্যালয়ের ভেতরে ও বাইরে একটা সময় অবস্থান নেয় দুইপক্ষ। এদিকে, অযোদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোটগ্রহণ শেষে ফলাফল ঘোষণার প্রক্রিয়ায় বেশ কিছু আসনের ফলাফল ‘বুলিয়ে, রাখার অভিযোগ তুলেছেন জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমান। বৃহস্পতিবার রাত পৌনে ১২টার দিকে মগবাজারে জামায়াতের কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি এ অভিযোগ করেন। অন্যদিকে, নির্দিষ্ট কিছু আসনে কিছু প্রার্থীকে বিজয়ী করে আনতে ইলেকশন ইঞ্জিনিয়ারিং, (নির্বাচনী কারসাজি) করা হয়েছে বলে অভিযোগ করেছে বিএনপি। রাত সাড়ে ১১টায় রাজধানীর গুলশানে বিএনপির নির্বাচন পরিচালনা কমিটির কার্যালয়ে সংবাদ সম্মেলনে কথা বলেন দলটির জাতীয় সংসদ নির্বাচন পরিচালনা কমিটির মুখ্যপাত্র ও বিএনপির চেয়ারম্যানের উপদেষ্টা মাহদী আমিন। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১২.০২.২০২৬: রুবাইয়া)

## জাগো নিউজ

### ঢাকা-বগুড়ার দুই আসনেই তারেক রহমানের জয়

অয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ঢাকা-১৭ ও বগুড়া-৬ আসনে প্রতিদ্বন্দ্বিতা করে দুটি আসনেই জয়লাভ করেছেন বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। ঢাকা-১৭ আসনের বেসরকারি ফলাফল অনুযায়ী, তারেক রহমান ৭২ হাজার ৬৯৯ ভোট পেয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী জামায়াতে ইসলামীর প্রার্থী স ম খালিদুজ্জামান পেয়েছেন ৬৮ হাজার ৩০০ ভোট। তার চেয়ে ৪ হাজার ৩৯৯ ভোটের ব্যবধানী জয়ী হয়েছেন তারেক রহমান। শুক্রবার (১৩ ফেব্রুয়ারি) তোর ৪টার দিকে ঢাকার বিভাগীয় কমিশনার (রিটার্নিং কর্মকর্তা) শরফ উদ্দিন আহমেদ চৌধুরী এ ফলাফল ঘোষণা করেন। তিনি জানান, ঢাকা-১৭ আসনে পোস্টাল ভোটসহ ১২৫টি কেন্দ্রে ভোট প্রাপ্ত হয়েছে। সব মিলিয়ে এই আসনে তারেক রহমান ৪ হাজার ৩৯৯ ভোটের ব্যবধানী জয়ী হয়েছেন। এদিকে, বগুড়া-৬ (সদর) আসনে নিরক্ষুশ জয় পেয়েছেন বিএনপির চেয়ারম্যান ও ধানের শীমের প্রার্থী তারেক রহমান। নিকটতম প্রতিদ্বন্দ্বীর চেয়ে ১ লাখ ১৮ হাজার ৬৫৪ ভোট বেশি পেয়ে তিনি বেসরকারিভাবে নির্বাচিত হয়েছেন। বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) দিবাগত রাত দেড়টায় বগুড়া জেলা রিটার্নিং কর্মকর্তা ও জেলা প্রশাসক মো. তোফিকুর রহমান ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্র থেকে এই বেসরকারি ফল ঘোষণা করেন। ঘোষিত ফলাফল অনুযায়ী, এই আসনের ১৫০টি কেন্দ্রে (পোস্টাল ভোট গণনাকেন্দ্রসহ ১৫১টি) তারেক রহমান পেয়েছেন ২ লাখ ১৬ হাজার ২৮৪ ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী জামায়াতে ইসলামীর প্রার্থী আবিদুর রহমান সোহেল (দাঁড়িপাল্লা) পেয়েছেন ৯৭ হাজার ৬২৬ ভোট। (জাগো নিউজ ওয়েব পেজ : ১৩.০২.২০২৬ নারগীস)

### তারেক রহমানকে অভিনন্দন জানালো যুক্তরাষ্ট্র

বাংলাদেশে সফলভাবে নির্বাচন আয়োজনের জন্য দেশটির জনগণকে অভিনন্দন জানিয়েছে যুক্তরাষ্ট্র। একইসঙ্গে ঐতিহাসিক বিজয়ের জন্য বিএনপি এবং তারেক রহমানকে শুভেচ্ছা জানিয়ে দুই দেশের সম্মতি ও নিরাপত্তার অভিন্ন লক্ষ্য বাস্তবায়নে একসঙ্গে কাজ করার আগ্রহ প্রকাশ করেছে দেশটি। বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) অয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের পরাদিন শুক্রবার সকালে যুক্তরাষ্ট্র দৃতাবাসের এক বিবৃতিতে এ বার্তা দেয়। বিবৃতিতে বলা হয়, গণতান্ত্রিক প্রক্রিয়ার মাধ্যমে নির্বাচন সম্পন্ন হওয়া বাংলাদেশের জনগণের রাজনৈতিক সচেতনতা ও অংশগ্রহণের প্রতিফলন। এ উপলক্ষ্যে বিজয়ী দল বিএনপি এবং চেয়ারম্যান তারেক রহমানকে অভিনন্দন জানানো হয়। যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে আরও বলা হয়, বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে বিদ্যমান অংশীদারত্ব ভবিষ্যতে আরও জোরদার হবে বলে তারা আশাবাদী। আঞ্চলিক স্থিতিশীলতা, অর্থনৈতিক সহযোগিতা এবং নিরাপত্তা ইস্যুতে দুই দেশ একসঙ্গে কাজ করবে বলেও উল্লেখ করা হয় বিবৃতিতে। (জাগো নিউজ ওয়েব পেজ : ১৩.০২.২০২৬ নারগীস)

(জাগো নিউজ ওয়েব পেজ : ১৩.০২.২০২৬ নারগীস)

### ফল ঘোষণায় অনিয়ম হলে কঠোর আন্দোলনের ছাঁশিয়ারি জামায়াতের

বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় মিডিয়া ও প্রচার বিভাগের প্রধান এহসানুল মাহবুব জুবায়ের বলেছেন, সংসদ নির্বাচন ও গণভোটের ফলাফল গণনা ও ঘোষণায় অস্বাভাবিক বিলম্ব এবং অনিয়মের অভিযোগ পাওয়া যাচ্ছে। জনগণের মতামতকে ম্যানিপুলেশন করার চেষ্টা হলে কঠোর আন্দোলনে যাবো। শুক্রবার (১৩ ফেব্রুয়ারি) দিবাগত রাত ৪টার পর নির্বাচন কমিশনে তিনি এমন মন্তব্য করেন। এহসানুল মাহবুব জুবায়ের দাবি করেন, বিকেল ৫টা থেকে ভোট গণনা শুরু হলেও গভীর রাত পর্যন্ত অনেক আসনের ফলাফল ঘোষণা করা হয়নি। আমাদের এজেন্টদের দেওয়া শিট অনুযায়ী রাত ৮টা থেকে ৯টার মধ্যেই ফলাফল ঘোষণার কথা ছিল। কিন্তু রাত ৪টা পর্যন্ত তা হয়নি। তিনি অভিযোগ করেন, কিছু ক্ষেত্রে রিটার্নিং কর্মকর্তাদের স্বাক্ষরিত ফলাফলের শিট পরে পরিবর্তন করা হয়েছে। বিশেষ করে, ঢাকা-১৭ আসনে অন্তত ৮টি শিটে 'ওভারারাইটিং' করে প্রায় ৫ হাজার ভোট কমানো হয়েছে।

(জাগো নিউজ ওয়েব পেজ : ১৩.০২.২০২৬ নারগীস)

### নিরক্ষুশ বিজয়ে দেশবাসীকে বিএনপির শুভেচ্ছা, আনন্দ মিছিল-সভায় বারণ

অয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিপুল সংখ্যক আসনে নির্বাচিত হওয়ায় দেশবাসীকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছে বিএনপি। একই সঙ্গে বিএনপির পক্ষ থেকে কোনা আনন্দ মিছিল কিংবা কোনো সভা করা যাবে না বলেও দলটির পক্ষ থেকে জানানো হয়েছে। বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) দিবাগত রাত ৩টার দিকে বিএনপির পক্ষ থেকে এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে। অয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি বিপুল সংখ্যক আসনে নির্বাচিত হওয়ায় ঢাকা মহানগরসহ দেশব্যাপী বিএনপির পক্ষ থেকে দেশবাসীকে আন্তরিক শুভেচ্ছা ও মোবারকবাদ জানানো হয়েছে। এ উপলক্ষ্যে শুক্রবার (১৩ ফেব্রুয়ারি) সাবেক প্রধানমন্ত্রী মরহুম খালেদা জিয়ার বিদেহী আত্মার মাগফিরাত ও দেশবাসীর প্রতি শুভ কামনায় বিএনপির উদ্যোগে ঢাকাসহ দেশব্যাপী মসজিদে জুমার নামাজ শেষে দোয়া অনুষ্ঠিত হবে। তবে উল্লেখ থাকে যে, জাতীয় সংসদ নির্বাচনে বিপুল ভোটে বিজয়ী হওয়ায় বিএনপির পক্ষ থেকে কোনো আনন্দ মিছিল কিংবা কোনো সভা করা যাবে না।

বিএনপি জানায়, ঢাকাসহ দেশব্যাপী বিএনপি এবং এর অঙ্গ ও সহযোগী সংগঠনের সব পর্যায়ের নেতা-কর্মী ও সাধারণ জনগণকে দেশব্যাপী মসজিদে অনুষ্ঠিতব্য দোয়ায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো। একইসঙ্গে সারাদেশে মন্দির, গির্জা ও প্যাগোডাসহ অন্যান্য উপাসনালয়ে স্ব স্ব ধর্মীয় সম্পদায়ের মানুষদের সৃষ্টিকর্তার নিকট প্রার্থনা করার জন্য অনুরোধ করা হলো।(জাগো নিউজ ওয়েব পেজ : ১৩.০২.২০২৬ নারগীস)

### সাড়ে ২১ হাজার ভোটে বিজয়ী জামায়াত আমির

অরোদশ জাতীয় সংসদ নির্বাচনে ঢাকা-১৫ আসনে বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বিজয়ী হয়েছেন। শুক্রবার (১৩ ফেব্রুয়ারি) ভোরে আঞ্চলিক (ঢাকা অঞ্চল) নির্বাচন কর্মকর্তা মো. ইউনুচ আলী এ ফলাফল ঘোষণা করেন। ঘোষিত ফলাফল অনুযায়ী, এই আসনে দাঁড়িপাল্লা প্রতীকে জামায়াত আমির ডা. শফিকুর রহমান পেয়েছেন ৮৫ হাজার ১৩১ ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপির মো. শফিকুল ইসলাম খান পেয়েছেন ৬৩ হাজার ৫১৭ ভোট। ২১ হাজার ৬১৪ ভোট বেশি ভোট পেয়ে বিজয়ী হয়েছেন জামায়াত আমির। এই আসনে তৃতীয় অবস্থানে আছেন জাতীয় পাটির প্রার্থী সামসুল হক। তিনি লাঙ্গল প্রতীক নিয়ে পেয়েছেন ১ হাজার ৪২১ ভোট।

(জাগো নিউজ ওয়েব পেজ : ১৩.০২.২০২৬ নারগীস)

### মীর্জা আব্বাসের ঘাম ছুটিয়ে হারলেন নাসীরুল্লাহীন পাটওয়ারী

সন্ধ্যার পর থেকে নানান নাটকীয় পরিস্থিতি পেরিয়েও শেষ পর্যন্ত জয় পেলেন না এনসিপি নেতা নাসীরুল্লাহীন পাটওয়ারী। ৫ হাজারের বেশি ভোটে বেসরকারিভাবে জিতলেন বিএনপি নেতা মীর্জা আব্বাস। ভোটের আগে থেকেই সবচেয়ে আলোচিত আসনগুলোর একটি ছিল ঢাকা-৮। দুই প্রার্থীর কথার লড়াই ভোটের দিনে এসে ভোটের লড়াইয়ে পরিণত হয়েছে। কয়েক দফা থমকে থাকা। একে অপরের বিরুদ্ধে অভিযোগ, সংবাদ সম্মেলন শেষে ঢাকার বিভাগীয় কমিশনার (রিটার্নিং কর্মকর্তা) শরফ উদ্দিন আহমেদ চৌধুরী ফল ঘোষণা করেন। তিনি জানান, এই আসনের ১০৯টি কেন্দ্রের মধ্যে ১০৮টিতে সরাসরি ভোটগ্রহণ হয়। এতে বিএনপির মীর্জা আব্বাস ৫৬ হাজার ৫৫২ ভোট পান। এর সঙ্গে তিনি ২ হাজার ৮১৪টি পোস্টাল ভোট পেয়েছেন। তাতে মোট ভোট পড়ে ৫৯ হাজার ৩৬৬। এনসিপির মোহাম্মদ নাসীরুল্লাহীন পাটওয়ারী ১০৮টি কেন্দ্রে পেয়েছেন ৫১ হাজার ৫৭২ ভোট। এর সঙ্গে তিনি পোস্টাল ভোট পেয়েছেন ২ হাজার ৫৫৫টি। তাতে তার পক্ষে মোট ভোট পড়ে ৫৪ হাজার ১২৭টি।

(জাগো নিউজ ওয়েব পেজ : ১৩.০২.২০২৬ নারগীস)

### ভোটকেন্দ্রে আগে কুকুর দেখা যেত, এখন মানুষ আর মানুষ : সিইসি

”ভোটকেন্দ্রে আগে তো আপনারা অনেক কুকুর দেখিয়েছেন টেলিভিশনে, আজকে কেন্দ্রের ধারের কাছে তো কুকুর দেখছি না। আগে দেখিয়েছেন মাঠ খালি, কুকুরের ছবি দিয়ে টেলিভিশনে, পত্র-পত্রিকায় দেখিয়েছেন। আজকে কুকুর তো খুঁজে পাবেন না। এখন সব মানুষ আর মানুষ।,, এই নির্বাচনের মাধ্যমে ইসির প্রতি কি আস্থা ফিরে আসবে? এমন প্রশ্নের জবাবে বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) প্রধান নির্বাচন কমিশনার এ এম এম নাসির উদ্দিন ইস্কাটন গার্ডেন হাইকুলে ভোট দিতে এসে এসব কথা বলেন। তিনি বলেন, ”নির্বাচন কমিশনের ওপরে আস্থা এরই মধ্যে ফিরে এসেছে, তা না হলে তো এত লোক আসতো না। দলগুলো তো আস্থা রেখেছে, মুখে যাই বলুক না কেন। আপনার তো অতীতের নির্বাচনগুলোও দেখেছেন। আমাদের ওপর আস্থা আছে বলেই আজকে এতগুলো ক্যামেরা নিয়ে হাজির হয়েছেন। আমাদের ওপর আস্থা আছে বলেই হাজির হয়েছেন।,, দেশের বিভিন্ন প্রান্তের ভোটের চিত্র পর্যবেক্ষণ করে নিজের সন্তুষ্টির কথা জানিয়ে এ এম এম নাসির উদ্দিন বলেন, আমি টেলিভিশনে দেশের অনেক জায়গার পরিস্থিতি দেখেছি। পথগড়ের মতো জায়গায় নারীরা সকাল থেকে কুয়াশার মধ্যে লাইনে দাঁড়িয়ে ভোট দিচ্ছেন। আমাদের যুব সমাজ এবং নারীরা আমাদের শক্তিতে রূপান্তর হবে ইনশাল্লাহ। (জাগো নিউজ ওয়েব পেজ: ১২.০২.২০২৬ রিহাব)

### ইইউ পর্যবেক্ষকরা সম্পূর্ণ নিরপেক্ষ, শুধু ভোট পর্যবেক্ষণ করছে,

ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) নির্বাচন পর্যবেক্ষণ মিশন সম্পূর্ণ নিরপেক্ষ এবং কোনো রাজনৈতিক প্রক্রিয়ায় অংশ নিচ্ছে না। তারা কেবল ভোট পর্যবেক্ষণ করছে। বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হল ভোটকেন্দ্র পরিদর্শনের পর এমন মন্তব্য করেন ইইউয়ের নির্বাচন পর্যবেক্ষণ মিশনের প্রধান ইভার্স ইজাবস। ইউরোপীয় ইউনিয়নের নির্বাচন পর্যবেক্ষণ মিশনের প্রধান বলেন, বাংলাদেশের নাগরিকরা ভোটে অংশগ্রহণে উৎসাহী এবং আশা করছেন, এবারের নির্বাচন হবে অংশগ্রহণমূলক ও বিশ্বাসযোগ্য। ইভার্স বলেন, আমরা দেশব্যাপী পর্যবেক্ষণ করছি। দুপুর পর্যন্ত ভোটকেন্দ্রগুলোতে অনেক ইতিবাচক উৎসাহ ও অংশগ্রহণ লক্ষ্য করেছি। আশা করি, বিকেল পর্যন্ত এটি অব্যাহত থাকবে। তিনি আরও বলেন, ১৪ ফেব্রুয়ারি প্রাথমিক প্রতিবেদন প্রকাশ করব, যেখানে দেখানো হবে এই নির্বাচন কীভাবে পরিচালিত হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১২.০২.২০২৬ রিহাব)

## নিরাপত্তায় সন্তুষ্ট ভোটাররা, বডিওর্ন ক্যামেরায় সবকিছু রেকর্ড

ভোটকেন্দ্রে শান্তিপূর্ণ পরিবেশ, আইন-শৃঙ্খলা বাহিনীর দৃশ্যমান উপস্থিতি এবং সদস্যদের বডিওর্ন ক্যামেরা ব্যবহার, সব মিলিয়ে নির্বাচনি নিরাপত্তা ব্যবস্থায় সন্তুষ্টি প্রকাশ করেছেন সাধারণ ভোটাররা। বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) সকাল থেকে রাজধানীর বিভিন্ন কেন্দ্র ঘুরে দেখা গেছে, ভোটাররা নির্বিশ্বে লাইনে দাঁড়িয়ে ভোট দিচ্ছেন। কোথাও এখন পর্যন্ত কোনো অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি। আইন-শৃঙ্খলা বাহিনীর কর্মকর্তারা জানান, ভোটগ্রহণ সুষ্ঠু রাখতে এবার বিশেষ নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়েছে। পুলিশ, আনসার, র্যাব, বিজিবি ও সেনা সদস্যরা মাঠে দায়িত্ব পালন করছেন। গুরুত্বপূর্ণ কেন্দ্রগুলোতে অতিরিক্ত ফোর্স মোতায়েন রয়েছে। পাশাপাশি দায়িত্ব পালনরত পুলিশ সদস্যের শরীরে বডিওর্ন ক্যামেরা সংযুক্ত করা হয়েছে, যাতে কেন্দ্রের ভেতর-বাইরের কার্যক্রম রেকর্ড থাকে। একাধিক ভোটার বলেন, আগের নির্বাচনের তুলনায় এবার নিরাপত্তা বেশি চোখে পড়ছে। কেন্দ্রে ঢোকা থেকে বের হওয়া পর্যন্ত কোনো ঘামেলা হয়নি। (জাগো নিউজ ওয়েব পেজ: ১২.০২.২০২৬ রিহাব)

## ভোট সুষ্ঠু হলে আমরাও মানবো, অন্যদেরকেও মানতে হবে : জামায়াত আমির

ভোট শান্তিপূর্ণ, সুষ্ঠু ও সবার কাছে গ্রহণযোগ্য হোক এই প্রত্যাশা করেছেন জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) জাতীয় সংসদ নির্বাচনে নিজের ভোট দিয়ে তিনি সাংবাদিকদের এমন প্রতিক্রিয়া ব্যক্ত করেন। এর আগে, সকাল ৮টা ২৮ মিনিটে জামায়াতের আমির মনিপুর বালক উচ্চবিদ্যালয় ও কলেজে ভোট দিতে যান। ভোট দেওয়ার পরে জামায়াত আমির বলেন, জাতি এই ভোটের অনেক অপেক্ষায় ছিল। বিশেষ করে যুব সমাজ। ভোট সুষ্ঠু ও সবার কাছে গ্রহণযোগ্য হোক, এটা আমরা দোয়া করি। এই ভোটের মাধ্যমে, দেশে এমন সরকার গঠিত হোক, যে সরকার কোনো ব্যক্তি, পরিবার কিংবা দলের হবে না। বরং যে সরকার হবে ১৮ কোটি মানুষের। আমরা সেই সরকার গঠনের ব্যাপারে আশাবাদী। (জাগো নিউজ ওয়েব পেজ: ১২.০২.২০২৬ রিহাব)

## টাঙ্গাইলের ৮টি আসনে ১২টা পর্যন্ত ভোট পড়েছে ৩৪.৩৮ শতাংশ

কড়া নিরাপত্তার মধ্য দিয়ে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে টাঙ্গাইলের ৮টি আসনে ভোটগ্রহণ চলছে। ৮টি আসনে দুপুরে ১২টা পর্যন্ত ভোট পড়েছে গড়ে ৩৪.৩৮ শতাংশ। নির্বাচনে এখন পর্যন্ত কোথাও কোনো অপ্রীতিকর ঘটনা ঘটেনি। এদিকে সকালের দিকে কেন্দ্রগুলোতে ভোটার উপস্থিতি তুলনামূলক কম থাকলেও, বেলা বাড়ার সঙ্গে সঙ্গে ভোটারদের উপস্থিতি বৃদ্ধি পাচ্ছে। তবে পুরুষের চেয়ে নারী ভোটারের সংখ্যা বেশি লক্ষ্য করা গেছে। এদিকে নির্বাচন সুষ্ঠু করতে প্রায় ১৯ হাজার আইন-শৃঙ্খলা বাহিনী দায়িত্ব পালন করছে। এবার ৮টি আসনে ৪৭ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। জেলায় মোট ভোটকেন্দ্র আছে ১ হাজার ৬৩টি কেন্দ্রের মধ্যে ১৬০টি কেন্দ্রকে বুঁকিপূর্ণ কেন্দ্র ঘোষণা করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ: ১২.০২.২০২৬ রিহাব)

## ইসিতে সাংবাদিকদের জন্য আরএফইডি, র বিশেষ উদ্যোগ

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের ফলাফল ঘোষণার কাজটি গণমাধ্যমকর্মীরা যেন সহজভাবে প্রকাশ করতে পারে, সেই জন্য নির্বাচন কমিশন বিটে কর্মরত সাংবাদিকদের সংগঠন রিপোর্টার্স ফোরাম ফর ইলেকশন অ্যান্ড ডেমোক্রেসি (আরএফইডি) বিশেষ উদ্যোগ নিয়েছে। বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) গণমাধ্যমকে এই তথ্য জানান সংগঠনের সভাপতি কাজী জেবেল। আগারগাঁও নির্বাচন ভবনে গণভোট ও ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ২০২৬ উপলক্ষ্যে ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্রের মধ্যে তৈরি করেছে নির্বাচন কমিশন (ইসি)। মধ্যের কাছেই একটি বড়ো বুথ স্থাপন করা হয়েছে আরএফইডি, র জন্য। এখানে এই বুথে ফলাফলের অনুলিপি পাওয়া যাবে। যেটা ব্যবহার করে নির্তুলিতভাবে স্ব স্ব কর্মক্ষেত্রে তথ্য সরবরাহ করতে পারবেন গণমাধ্যমকর্মীরা। পাশাপাশি, জাতিসংঘের নির্বাচনি সহায়তা প্রকল্পের (ব্যালট) আওতায় সাংবাদিকদের জন্য বিশেষ রিসোর্স কার্ড সরবরাহ করা হবে। এই কার্ডের মাধ্যমে নির্বাচনকালীন সাংবাদিকদের জন্য প্রয়োজনীয় তথ্য এক জায়গায় সহজে পাওয়া যাবে।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১২.০২.২০২৬ রিহাব)

## হাতিয়ায় কেন্দ্র দখল করে ধানের শীষে সিল মারার অভিযোগ

নোয়াখালী-৬ হাতিয়া আসনের একটি কেন্দ্র দখল করে ধানের শীষে সিল মারার অভিযোগ উঠেছে বিএনপি কর্মীদের বিরুদ্ধে। এসময় তারা কেন্দ্রের তালা ভেঙে প্রবেশ করে সিসিটিভি ক্যামেরা ভাঙ্গুরসহ বিভিন্ন বুথে অবাধে সিল মারে। বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) দুপুর ১২টার দিকে পূর্ব চর আমানউল্লাহ হাওলাদার হাট সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে (নতুন সুখচর, নম্বর ৯৯) এ ঘটনা ঘটে। কেন্দ্রের প্রিসাইডিং কর্মকর্তা ফয়সাল বিন দিদার বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেন। তিনি বলেন, কেন্দ্রের আশপাশে গাছের গুড়ি ফেলে রাস্তা বন্ধ করে বিএনপি কর্মীরা এ হামলা চালায়। এসময় আমি প্রাণভয়ে পালিয়ে ছিলাম। তারা শতাধিক ব্যালটে সিল মারে। ভোটাররা আতঙ্কে বিভিন্ন দিকে ছুটে যায়। (জাগো নিউজ ওয়েব পেজ: ১২.০২.২০২৬ রিহাব)

## বোরকা পরা নারীদের হেনস্টাসহ রিকশার এজেন্ট বের করে দেওয়ার অভিযোগ

সারা দেশই বোরকা পরা নারীদের ভোটাধিকার প্রয়োগে প্রতিবন্ধকতা তৈরি করা হচ্ছে। বিভিন্ন আসনে রিকশা প্রতীকের এজেন্ট বের করে দেওয়া ও উদ্বেগজনক অনিয়ম, ভয়ভািতি ও সহিংস আচরণের একাধিক অভিযোগ করেছে বাংলাদেশ খেলাফত মজলিশ। বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) বিকেলে দলটি এক প্রেস বিজ্ঞপ্তিতে জানিয়েছে, ঢাকা-১৩ আসনের ৩৩ নং ও ৩৪ নং ওয়ার্ডে আমাদের বৈধ এজেন্টদের কেন্দ্র থেকে বের করে দেওয়া এবং ভোটারদেরকে কেন্দ্র থেকে ফিরিয়ে দেওয়ার তথ্য পাওয়া গেছে। ফরিদপুর-২ আসনে বিএনপি মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী শামা ওবায়েদের বাড়ির ভোটকেন্দসহ বেশ কয়েকটি কেন্দ্রে এজেন্ট বের করে দেওয়ার অভিযোগ এসেছে, যা অত্যন্ত দুঃখজনক ও নিন্দনীয়। নেত্রকোণা-১ (দুর্গাপুর) উপজেলায় প্রশাসনের ভূমিকা অনেকটাই নিচুপ ও রহস্যজনক বলে প্রতীয়মান হচ্ছে। সেনাবাহিনীর উপস্থিতি নেই, অন্যান্য বাহিনীর উপস্থিতি ও অপ্রতুল। কেন্দ্রের নির্ধারিত চৌহদির ভিতরে বিএনপি নেতা-কর্মীদের বিরুদ্ধে প্রকাশ্যে হৃষকি প্রদানের অভিযোগ রয়েছে। ভোর ৩টা থেকে এজেন্টদের বাড়ি বাড়ি গিয়ে অবরুদ্ধ করে রাখা হয়। চিকিৎসক ইউনিয়নের মধুয়াকোনা কেন্দ্রের এজেন্ট শাহজাহানকে পিটিয়ে আহত করা হয়েছে এবং তাকে হাসপাতালে নিতে বাধা দেওয়ার অভিযোগ পাওয়া গেছে, যা মানবাধিকার ও নির্বাচন আইনের সুস্পষ্ট লঙ্ঘন। (জাগো নিউজ ওয়েব পেজ: ১২.০২.২০২৬ রিহাব)

## স্বাধীনভাবে ভোট দিচ্ছেন ভোটাররা : মৎস্য উপদেষ্টা

মৎস্য ও প্রাণিসম্পদ উপদেষ্টা ফরিদা আখতার বলেছেন, সরকার শুরু থেকেই তিনটি ম্যান্ডেট সামনে রেখেছিল- বিচার, সংস্কার এবং নির্বাচন। এর মধ্যে সর্বশেষ ম্যান্ডেট ছিল নির্বাচন আয়োজন। সরকার সর্বাত্মক প্রচেষ্টার মাধ্যমে এমন একটি পরিবেশ নিশ্চিত করার চেষ্টা করেছে, যাতে ভোটাররা স্বাধীনভাবে তাদের পছন্দের প্রার্থীকে ভোট দিতে পারেন। বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) অয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট-২০২৬ উপলক্ষ্যে রাজধানীর মোহাম্মদপুরে অবস্থিত আনন্দ স্কুল (সরকারি জামিলা আইনুল আনন্দ স্কুল অ্যান্ড কলেজ) ভোটকেন্দ্রে ভোট প্রদান ও কেন্দ্র পরিদর্শন শেষে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি একথা বলেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ১২.০২.২০২৬ রিহাব)

## চূড়ান্ত ফল ঘোষণার পরও শ্রদ্ধাবোধ অটুট রাখার আহ্বান প্রধান উপদেষ্টার

অয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটের চূড়ান্ত ফলাফল ঘোষণার পরও রাজনৈতিক দল ও প্রার্থীদের প্রতি পারস্পরিক শ্রদ্ধা অটুট রাখার আহ্বান জানিয়েছেন, অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনুস। তিনি বলেন, ”আমি রাজনৈতিক দল ও প্রার্থীদের প্রতি আহ্বান জানাই, চূড়ান্ত ফলাফল ঘোষণার পরও যেন গণতান্ত্রিক শালীনতা, সহনশীলতা ও পারস্পরিক শ্রদ্ধাবোধ অটুট থাকে। মতের ভিন্নতা থাকবে, কিন্তু জাতীয় স্বার্থে আমাদের এক্রয়বন্ধ থাকতে হবে।” বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) বিকেলে প্রধান উপদেষ্টার এক বিবৃতির বরাত দিয়ে এ তথ্য জানান তার সিনিয়র সহকারী প্রেস সচিব ফয়েজ আহমেদ। (জাগো নিউজ ওয়েব পেজ: ১২.০২.২০২৬ রিহাব)

## এখন পর্যন্ত নির্বাচন পরিস্থিতিতে সমস্যা নেই : ইসি সচিব

অয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ৪২ হাজার ৬৫১টি ভোটকেন্দ্রের মধ্যে ৩৬ হাজার ৩১ কেন্দ্রে দুপুর ২টা পর্যন্ত ৪৭ দশমিক ৯১ শতাংশ ভোট পড়েছে বলে জানিয়েছেন নির্বাচন কমিশন (ইসি) সচিবালয়ের সিনিয়র সচিব আখতার আহমেদ। এখন পর্যন্ত নির্বাচন পরিস্থিতিতে কোনো সমস্যা নেই বলেও জানিয়েছেন তিনি। বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) বিকেল ৪টায় ইসির সিনিয়র সচিব আখতার আহমেদ এসব কথা বলেন। তিনি বলেন, সকাল সাড়ে ৭টা থেকে দুপুর ২টা পর্যন্ত ৪২ হাজার ৬৫১ কেন্দ্রের মধ্যে ৩৬ হাজার ৩১ কেন্দ্রে ৪৭ দশমিক ৯১ শতাংশ ভোট কাস্ট হয়েছে। তিনটি আসনের শতাধিক কেন্দ্রে ভোট বন্ধে জামায়াতের দাবি প্রসঙ্গে ইসি সচিব বলেন, ভোট বন্ধের সুযোগ আছে কি না? হতে পারে, অভিযোগ আছে। সেটা প্রমাণিত হলে...কারণ আমরা তো এখানে, তথ্য না নিয়ে বলতে পারবো না। আগাম বলা উচিত নয়। আগাম বললে মানুষ বিভাস্ত হবে। সে জন্য অভিযোগ খতিয়ে দেখা হচ্ছে, সে অনুযায়ী রিটার্নিং কর্মকর্তা ব্যবস্থা নেবেন। এখন পর্যন্ত নির্বাচন পরিস্থিতিতে সমস্যা নেই।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১২.০২.২০২৬ রিহাব)

## সরকার গঠনে প্রয়োজনীয় আসন পাওয়ার ব্যাপারে আশাবাদী তারেক রহমান

অয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে সরকার গঠনের জন্য প্রয়োজনীয় আসন পাওয়ার ব্যাপারে আশাবাদী বলে জানিয়েছেন বিএনপি চেয়ারম্যান তারেক রহমান। একইসঙ্গে আন্দোলনে থাকা দলগুলোকে সঙ্গে নিয়েই সরকার পরিচালনার ইচ্ছার কথাও জানান তিনি। বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) রাজধানীর গুলশানে বিএনপি চেয়ারম্যানের কার্যালয়ের সামনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। জাতীয় নির্বাচনে কতটি আসন প্রত্যাশা করছেন- এমন প্রশ্নের জবাবে তারেক রহমান বলেন, সরকার গঠনের জন্য প্রয়োজনীয় আসন পাওয়ার ব্যাপারে আমরা আশাবাদী। আমরা অন্তত এতটুকু অবশ্যই প্রত্যাশা করছি, (সরকার গঠন করতে পারলে) আমরা খুব সুন্দরভাবে দেশ পরিচালনা করতে সক্ষম হবো। (জাগো নিউজ ওয়েব পেজ: ১২.০২.২০২৬ রিহাব)

## জুলাই বিপ্লবে আসা পরিবর্তন আজ বাস্তবে রূপ নেবে : জামায়াত আমির

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, প্রতিটি নির্বাচনে এ দেশের জনগণ ভোটের অধিকার পায়নি। দীঘদিন ধরে তারা ভোটাধিকার থেকে বঞ্চিত ছিল। তবে ২০২৪ সালের জুলাই বিপ্লবের পর যে পরিবর্তন এসেছে, সেটি আজ বাস্তবে রূপ নেবে। বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) ঢাকা-১৫ আসনের নির্বাচন প্রধান কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। শফিকুর রহমান বলেন, "জুলাই আন্দোলন এবং ফ্যাসিবাদী শাসনের সাড়ে ১৫ বছরে যারা সীমাহীন ত্যাগ শিকার করেছেন, জীবনের বিনিময়ে আজ এই নতুন বাংলাদেশ জাতিকে উপহার দিয়েছেন, আমি প্রথমে সেই শহিদদের রূহের মাগফেরাত কামনা করছি। আল্লাহতাআলা তাদের শহিদি মর্যাদা দান করুন। যারা অন্যায়ের বিরুদ্ধে, ফ্যাসিবাদের বিরুদ্ধে লড়তে গিয়ে আত্মত্যাগ করেছেন, আমি তাদের গভীর শ্রদ্ধাভরে স্মরণ এবং তাদের জন্য দোয়া করছি। আল্লাহতাআলা যেন তাদের জান্নাতের নেয়ামত দান করেন,, যোগ করেন তিনি। জামায়াত আমির বলেন, "শহিদ ও আহতদের বুক চিতিয়ে লড়াইয়ের ফলেই আজকের বাংলাদেশ। তারা যদি সেদিন জীবন না দিতেন, আহত না হতেন, তাহলে আজ ১২ তারিখে ভোট হওয়ার কথা ছিল না। মহান শ্রষ্টার হৃকুমেই সারা বিশ্বে সবকিছু পরিচালিত হয়। আমরা কেউ কল্পনাও করতে পারিনি যে, ২০২৪ সালে এমন ঘটনা ঘটবে, অথচ সেটাই বাস্তবে রূপ নিয়েছে।,, (জাগো নিউজ ওয়েব পেজ: ১২.০২.২০২৬ রিহাব)

## আগামী কয়েক ঘণ্টা সর্বোচ্চ সতর্ক থাকুন : নাহিদ ইসলাম

জনগণের রায়ের মধ্যদিয়ে আগামীকাল থেকে নতুন বাংলাদেশের যাত্রা শুরু হবে বলে মন্তব্য করেছেন, জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আল্লায়ক ও ঢাকা-১১ আসনে ১১ দলীয় এক্য মনোনীত প্রার্থী মো. নাহিদ ইসলাম। একইসঙ্গে আগামী কয়েক ঘণ্টা ভোটারদের সর্বোচ্চ সতর্ক থাকার আহ্বান জানিয়েছেন তিনি। বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) বিকেলে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে তিনি এ আহ্বান জানান। ফেসবুক পোস্টে নাহিদ ইসলাম লেখেন, "বাংলাদেশ আজ এক যুগ-সম্পর্কগে দাঁড়িয়ে আছে। জনগণের রায়ের মধ্যদিয়ে আগামীকাল থেকে নতুন বাংলাদেশের যাত্রা শুরু হবে। এরই মধ্যে অনেকেই ভোটাধিকার প্রয়োগ করেছেন। তাদের এখনো ভোট দেওয়ার সুযোগ হয়নি, দ্রুত আপনার ভোটকেন্দ্রে গিয়ে ভোট প্রদান করুন।,, (জাগো নিউজ ওয়েব পেজ: ১২.০২.২০২৬ রিহাব)

## ভোটকেন্দ্রে বিশৃঙ্খলা সৃষ্টির ঘটনায় চারজনের ২ বছর করে কারাদণ্ড

গাজীপুরের কাপাসিয়ায় ভোটকেন্দ্রে বিশৃঙ্খলা সৃষ্টির ঘটনায় চারজনকে দুই বছর করে সশ্রাম কারাদণ্ড দিয়েছেন আদালত। বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) বিকেলে চাঁদপুর এলাকায় ছাত্রদলের দুই নেতা এবং ইসলামী ছাত্র-শিবিরের দুই নেতাকে একইসঙ্গে প্রত্যেককে ১০ হাজার টাকা করে জরিমানা করা হয়েছে। অনাদায়ে প্রত্যেককে আরও এক মাসের কারাদণ্ড দেওয়া হয়েছে। গাজীপুরের সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মো. আলমগীর হোসেন কাপাসিয়ার ভাওয়াল চাঁদপুর বাজার এলাকায় আম্যমাণ আদালত পরিচালনা করে এ রায় ঘোষণা করেন। দণ্ডপ্রাণুরা হলেন, মো. ইলিয়াস সরকার (৩০), মো. তারেক (২৬), মেজবাউল ইসলাম (৩৫) ও ইফতেখারুল আলম (৩০)।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১২.০২.২০২৬ রিহাব)

## তিনি আসনের কয়েকটি কেন্দ্রে ভোট স্থগিত চায় ১১ দলীয় জোট

নির্বাচন কমিশনে (ইসি) সংসদীয় কুমিল্লা-৮, শরীয়তপুর-২ ও পটুয়াখালী-১ আসনের কয়েকটি কেন্দ্রে ভোট স্থগিতের দাবি জানিয়েছেন ১১ দলীয় নির্বাচনি এক্য জোটের নেতারা। তাদের অভিযোগ, এসব কেন্দ্রে ভোটাররা নির্ভয়ে ভোট দিতে পারেননি। বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) বিকেলে প্রধান নির্বাচন কমিশনারের (সিইসি) সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের এ কথা জানান বাংলাদেশ জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল অ্যাডভোকেট মোয়াজেম হোসেন হেলাল। মোয়াজেম হোসেন হেলাল বলেন, কুমিল্লা-৮, শরীয়তপুর-২ ও পটুয়াখালী-১ আসনের কয়েকটি কেন্দ্রে অনিয়ম ও ভীতি প্রদর্শনে ভোটগ্রহণ বাধাগ্রাস্ত হয়েছে। তাই এসব কেন্দ্রে পুনরায় ভোটগ্রহণের জন্য ভোট স্থগিতের দাবি জানানো হয়েছে। তিনি বলেন, এখনো ভোটগ্রহণ চলছে এবং বিভিন্ন কেন্দ্রে অনিয়মের ঘটনা ঘটছে। এ অবস্থায় এখনো ব্যবস্থা নেওয়ার সুযোগ রয়েছে, যাতে একটি সুস্থ ও পরিচ্ছন্ন ফলাফল নিশ্চিত করা যায়। এসব বিষয় আমরা নির্বাচন কমিশনকে জানিয়েছি। অনিয়মের প্রমাণ হিসেবে আমরা নির্বাচন কমিশনের কাছে শতাধিক ভিডিও ফুটেজ ও সংশ্লিষ্ট লিংক জমা দিয়েছি। (জাগো নিউজ ওয়েব পেজ: ১২.০২.২০২৬ রিহাব)

## ১৪ ফেব্রুয়ারির মধ্যে ফলাফলের গেজেট হবে : আসিফ নজরুল

সর্বোচ্চ ১৪ ফেব্রুয়ারির মধ্যে নির্বাচনের ফলাফলের গেজেট প্রকাশ করা হবে এবং ১৭ থেকে ১৮ ফেব্রুয়ারির মধ্যে নতুন সরকার গঠন করা হবে বলে জানিয়েছেন আইন, বিচার ও সংসদ বিষয়ক উপদেষ্টা আসিফ নজরুল। বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) দুপুর আড়াইটার দিকে রাজধানীর সিঙ্গুলারী গার্লস কলেজ কেন্দ্রে নিজের ভোটপ্রদান শেষে তিনি এসব কথা বলেন। আসিফ নজরুল বলেন, ১৭ থেকে ১৮ ফেব্রুয়ারির মধ্যেই, অর্থাৎ রমজানের আগেই নির্বাচিত সরকারের কাছে ক্ষমতা হস্তান্তর করা হবে। ফলাফলের গেজেট নোটিফিকেশনের পর যত দ্রুত সম্ভব সংসদ

সদস্যদের শপথ অনুষ্ঠানের ব্যবস্থা করা হবে। এরপর নতুন সরকার শপথ গ্রহণ করবে। উপদেষ্টা আরও বলেন, গেজেট নেটিফিকেশন সর্বোচ্চ ১৪ ফেব্রুয়ারির মধ্যে প্রকাশ করা হবে এবং ১৭ থেকে ১৮ ফেব্রুয়ারির মধ্যে সরকার গঠন সম্পন্ন হবে। নির্বাচনের সার্বিক পরিস্থিতি নিয়ে তিনি বলেন, এখন পর্যন্ত পরিস্থিতি ভালো রয়েছে।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১২.০২.২০২৬ রিহাব)

### নির্বাচনে বিভিন্ন অভিযোগে ইসিতে শতাধিক ফুটেজ দিল ১১ দলীয় জোট

অয়োদশ জাতীয় সংসদ নির্বাচন চলাকালে দেশের বিভিন্ন স্থানে অনিয়মের অভিযোগ নিয়ে প্রধান নির্বাচন কমিশনারের (সিইসি) সঙ্গে সাক্ষাৎ করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামী ও ১১ দলীয় নির্বাচনি ট্রিক্য জোটের একটি প্রতিনিধিদল। এ সময় নির্বাচনে অনিয়মের প্রমাণ হিসেবে প্রায় শতাধিক ভিডিও ফুটেজ এবং মিডিয়া রিপোর্টের লিংক ইসিতে জমা দেওয়া হয়। বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) বিকেলে আগারগাঁওয়ে নির্বাচন ভবনে সিইসি এ এম এম নাসির উদ্দিনের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ কথা জানান জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল অ্যাডভোকেট মোয়াজ্জেম হোসেন হেলাল। এ সময় জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় সহকারী সেক্রেটারি জেনারেল মওলানা আবদুল হালিম ছাড়াও, জোটের অন্যান্য নেতারা উপস্থিত ছিলেন। এর আগে, বিকেল সোয়া ৩টায় ১১ দলীয় জোটের প্রায় ১০ সদস্যের একটি প্রতিনিধিদল এই বৈঠকে অংশ নেয়। তারা বিভিন্ন সমস্যা বিস্তারিতভাবে কমিশনের সামনে তুলে ধরেন। বৈঠক শেষে মোয়াজ্জেম হোসেন হেলাল বলেন, ”বাংলাদেশে একটি প্রত্যাশিত নির্বাচন চলছে, যার মাধ্যমে আগামী দিনের কর্ণধার নির্বাচিত হবেন। তবে নির্বাচনের ময়দানে আমরা যারা আছি, আমাদের কাছে কিছু গুরুতর সমস্যার তথ্য এসেছে। সেসব তথ্য এবং পদক্ষেপ নেওয়ার দাবি নিয়ে আমরা সিইসির কাছে এসেছি।, তিনি জানান, নির্বাচনে অনিয়মের প্রমাণ হিসেবে প্রায় শতাধিক ভিডিও ফুটেজ এবং মিডিয়া রিপোর্টের লিংক ইসিতে জমা দেওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১২.০২.২০২৬ রিহাব)

### মানিকগঞ্জে জাল ভোট দেওয়ার চেষ্টা, যুবক আটক

মানিকগঞ্জের শিবালয় উপজেলায় জাল ভোট দেওয়ার অভিযোগে মোহাম্মদ আলী (২৭) নামে এক যুবককে আটক করা হয়েছে। বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) দুপুরে দিকে উখলী বালিকা উচ্চবিদ্যালয় কেন্দ্রে এ ঘটনা ঘটে। আটক মোহাম্মদ আলী উপজেলার তেঁতুলিয়া গ্রামের হয়রত আলীর ছেলে। স্থানীয় সুন্দরে জানা গেছে, দুপুরের দিকে ওই কেন্দ্রে জাল ভোট দেওয়ার সময় তিনি ধরা পড়েন। পরে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তারা তাকে আটক করে নির্বাহী ম্যাজিস্ট্রেটের কাছে সোপর্দ করেন। তৎক্ষণিকভাবে তিনি কোন প্রার্থীর পক্ষে জাল ভোট দেওয়ার চেষ্টা করেছিলেন, তা জানা যায়নি। ঘটনার সত্যতা নিশ্চিত করে শিবালয় থানার এসআই সুমন জানান, আটক মোহাম্মদ আলীকে থানায় হস্তান্তর করা হয়েছে বিকেলে। সিসি ক্যামেরার ফুটেজ পর্যালোচনা ও সাক্ষ্য-প্রমাণের ভিত্তিতে পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়া হবে। (জাগো এফ এম ওয়েবপেইজ: ১২.০২.২৬ রনি)

### ক্যাম্পেই সীমাবদ্ধ ছিল রোহিঙ্গাদের চলাচল

অয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটগ্রহণকালে রোহিঙ্গাদের ব্যবহারে অনাকাঙ্ক্ষিত ঘটনার আশঙ্কা ছিল প্রশাসনে। কিন্তু আগাম প্রস্তুতি ছিল। ভোটগ্রহণ এবং আগে-পরে পুরো সীলগালা থাকবে কক্ষবাজারের উথিয়া-টেকনাফের ৩৩টি রোহিঙ্গা ক্যাম্প এবং চালানো হবে তল্লাশি। সেভাবেই কঠোরতায় মাঠে ছিল সেনা নেতৃত্বাধীন মৌখিকার্যক্রম। ফলে রোহিঙ্গা ক্যাম্প সংলগ্ন টেকনাফ-কক্ষবাজার মহাসড়কসহ ক্যাম্পগুলোর প্রবেশমুখে সেনাবাহিনীসহ আইন-শৃঙ্খলা বাহিনীর নিরাপত্তা বলয় ছিল লক্ষ্য করার মতো। জেলার উথিয়া-টেকনাফের ৩৩টি রোহিঙ্গা ক্যাম্পের মাঝে উথিয়ায় রাজাপালং ও পালংখালীতে ২৬টি ক্যাম্পের অবস্থান। ১২ ফেব্রুয়ারি সকাল থেকে এলাকার সার্বিক নিরাপত্তায় সেনাবাহিনীর অন্তত ২০টি তল্লাশি চোকি সক্রিয় ছিল। বেলা ১১টার দিকে উথিয়ার চারটি রোহিঙ্গা ক্যাম্পের (৮ ইস্ট, ৮ ওয়েস্ট, ৯ ও ১০) প্রবেশপথের পার্শ্ববর্তী বালুখালী কাশেমিরা উচ্চ বিদ্যালয় কেন্দ্রের ফটক থেকে শুরু সড়কে আইনশৃঙ্খলা স্বাভাবিক রাখতে তৎপরতা অব্যাহত রাখেন সেনাসদস্যরা।

(জাগো এফ এম ওয়েবপেইজ: ১২.০২.২৬ রনি)

### চার আসনে অনিয়মের অভিযোগ এনে ইসিতে ইসলামী আন্দোলন

পটুয়াখালী-১, নোয়াখালী-১, ভোলা-১ ও নরসিংড়ী-৫ আসনের বিভিন্ন কেন্দ্রে অনিয়মের অভিযোগ এনে নির্বাচন কমিশনে এসেছে ইসলামী আন্দোলন বাংলাদেশ। পাশাপাশি অনিয়মের অভিযোগ এনে পটুয়াখালী- ১ আসনের দুটি ইউনিয়নে ভোট বাতিল চেয়েছে দলটি। বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) বিকেল সাড়ে ৫টায় দলটির পাঁচ সদস্যের এক প্রতিনিধি দল ইসিতে আসে। তারা নির্বাচন কমিশনের সিনিয়র সচিব আখতার আহমেদের সঙ্গে বৈঠক করেন। পরে ইসলামী আন্দোলন বাংলাদেশের কেন্দ্রীয় নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক ও দলের প্রেসিডিয়াম সদস্য অধ্যাপক মাহবুবুর রহমান বলেন, আমরা বাধ্য হয়েই ইসিতে এসেছি। ইসি সচিব বলেছেন, বিষয়গুলো দেখবেন। দলের কেন্দ্রীয় প্রচার সম্পাদক শেখ ফজলুল করীম মারফ এক বিজ্ঞপ্তিতে বলেন, নোয়াখালী-১ আসনে ইসলামী আন্দোলন বাংলাদেশ

মনোনীত হাতপাখার প্রার্থী জহিরুল ইসলামের ওপর মহরগঞ্জ এলাকায় হামলা হয়েছে। এতে তিনি গুরুতর আহত হয়েছেন। তার সঙ্গে থাকা তিনজন কর্মীও গুরুতর আহত হয়েছে। ভোটের দিন সকাল থেকে মহরগঞ্জ সেন্টারে হাতপাখার ভোটারোঁ ভোট দিতে বাধার সম্মুখীন হন। প্রশাসনের সঙ্গে বারবার যোগাযোগ করার পরও কোনো উদ্যোগ নেয়নি। সোনাইমুড়ি উপজেলার দেওড়ি ইউনিয়নের ৮ নং ওয়ার্ডে হাতপাখার এজেন্ট ও কর্মীদের ওপর বিএনপি কর্মীরা হামলা করেছেন। (জাগো এফ এম ওয়েবপেইজ: ১২.০২.২৬ রানি)

### দুই শতাধিক ব্যালট ছিনতাই, ধানের শীঘ্রের দুই কর্মী আটক

টাঙ্গাইলের ঘাটাইলে কেন্দ্রে হামলা চালিয়ে দুই শতাধিক ব্যালট পেপার ছিনতাইয়ের ঘটনা ঘটেছে। এ ঘটনায় ধানের শীঘ্রের দুই কর্মীকে আটক করেছে আইন-শৃঙ্খলা বাহিনী। বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) দুপুরে উপজেলার রসুলপুরের সরাবাড়ী ভোট কেন্দ্রে এ ঘটনা ঘটে। আটকরা হলেন মাঝান ও আলমগীর।

(জাগো এফ এম ওয়েবপেইজ: ১২.০২.২৬ রানি)

### কিছু ক্রটি-বিচ্যুতি হলেও সামগ্রিকভাবে নির্বাচন সুন্দর হয়েছে: জামায়াত

কিছু ক্রটি-বিচ্যুতি হলেও সামগ্রিকভাবে নির্বাচন সুন্দর হয়েছে বলে মনে করে জামায়াত। বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) জাতীয় নির্বাচনের ভোটগ্রহণ শেষে দলের পক্ষ থেকে এক প্রেস বিক্রিংয়ে দলের সহকারী সেক্রেটারি জেনারেল ও দলের মিডিয়া বিভাগের প্রধান এহসানুল মাহবুব জুবায়ের এমন মন্তব্য করেন। এহসানুল মাহবুব জোবায়ের বলেন, "কিছু ক্রটি-বিচ্যুতি হলেও সামগ্রিকভাবে নির্বাচন দেশবাসী উপভোগ করেছে। দেশবাসী অংশ নিয়ে প্রমাণ করেছেন যে, বাংলাদেশে একটি সুর্তু ও সুন্দর নির্বাচন করা সম্ভব। শতভাগ সুর্তু নির্বাচন করার জন্য সবার পক্ষ থেকে দায়িত্ব গ্রহণ করা প্রয়োজন। সে কাজটি আমরা করার চেষ্টা করছি।" তিনি বলেন, "অনেক কিছুর পরও একটি চমৎকার নির্বাচন হয়েছে। এখন গণনা যাতে শাস্তিপূর্ণ হয়, আমরা সেটা পর্যবেক্ষণ করছি।"

(জাগো এফ এম ওয়েবপেইজ: ১২.০২.২৬ রানি)

### জামায়াত প্রার্থীর পক্ষে টাকা বিতরণ করায় ইবনে সিনার কর্মচারীর কারাদণ্ড

গাজীপুরে একটি কেন্দ্রে জামায়াতে ইসলামীর প্রার্থীর পক্ষে টাকা বিতরণের সময় এক ব্যক্তিকে দুই বছরের কারাদণ্ড দিয়েছেন ভ্রায়মাণ আদালত। দণ্ডপ্রাপ্ত ব্যক্তির নাম শামীমুল ইসলাম (৩৫)। তিনি কুড়িগ্রাম সদর এলাকার মজিবুর রহমানের ছেলে। ভ্রায়মাণ আদালত সুন্তে জানা গেছে, শামীমুল ইসলাম কুড়িগ্রামের ভোটার। তিনি কালিয়াকৈরের উপজেলার সফিপুর ইবনেসিনা ফার্মাসিউটিক্যালস কারখানায় চাকরি করেন। বুধবার (১১ ফেব্রুয়ারি) দিনগত রাত সাড়ে ১২টার দিকে কালিয়াকৈরের উপজেলার মাটিকাটা এলাকায় ভোটারদের মধ্যে টাকা বিতরণ করেন। স্থানীয় জনতা তাকে আটক করে পুলিশের কাছে হস্তান্তর করে। এসময় তার কাছ থেকে নগদ ৬০ হাজার টাকা উদ্ধার করা হয়। তিনি দোষ স্বীকার করায় আদালত তাকে দুই বছরের কারাদণ্ড এবং এক হাজার টাকা জরিমানা করেন।

(জাগো এফ এম ওয়েবপেইজ: ১২.০২.২৬ রানি)

### ভোট সুর্তু হওয়ায় শুরুবার সব মসজিদে বিশেষ দোয়ার অনুরোধ ইসির

গণভোট ও অয়োদশ জাতীয় সংসদ নির্বাচন অবাধ, সুর্তু, নিরপেক্ষ ও উৎসবমুখর পরিবেশে সম্পূর্ণ হওয়ায়, সংশ্লিষ্ট সবার প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। পাশাপাশি নির্বাচন সুর্তু হওয়ায় আগামীকাল শুরুবার জুমার নামাজের পর দেশের সব মসজিদে বিশেষ দোয়া আয়োজনের অনুরোধ জানিয়েছে ইসি। বৃহস্পতিবার (১২ জানুয়ারি) এক বিজ্ঞপ্তিতে এ অনুরোধ জানিয়েছে নির্বাচন কমিশন।

(জাগো এফ এম ওয়েবপেইজ: ১২.০২.২৬ রানি)

### আন্তর্জাতিক গণমাধ্যমে বাংলাদেশের নির্বাচনের খবর

২৪ সালের গণ-অভ্যর্থনানে সরকারের পতনের পর বাংলাদেশে অনুষ্ঠিত অয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটগ্রহণ ও গণভোট নিয়ে আন্তর্জাতিক গণমাধ্যমে বহু রিপোর্ট প্রকাশিত হয়েছে। কাতারভিত্তিক আল-জাজিরা, মার্কিন দ্য নিউইয়র্ক টাইমস, যুক্তরাজ্যের দ্য গার্ডিয়ান, বিবিসি, বার্তাসংস্থা রয়টার্স এবং ভারতীয় দ্য হিন্দুসহ বেশ কয়েকটি প্রতাবশালী সংবাদমাধ্যম এ নির্বাচনের খবর গুরুত্বসহকারে সম্প্রচার করেছে। বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) অনুষ্ঠিত ভোটগ্রহণ দিনব্যাপী আন্তর্জাতিক বিভিন্ন গণমাধ্যমে সরাসরি সম্প্রচার করা হয়।

(জাগো এফ এম ওয়েবপেইজ: ১২.০২.২৬ রানি)

### হাতিয়ায় সহকারী প্রিসাইডিং কর্মকর্তা আটক

নোয়াখালী-৬ (হাতিয়া) আসনের একটি কেন্দ্রে ভোটারের ব্যালট পেপারে প্রকাশ্যে সিল মারার অভিযোগে রিজিয়া সুলতানা নামের একজন সহকারী প্রিসাইডিং কর্মকর্তাকে অব্যাহতি দিয়ে আটক করা হয়েছে। বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) বিকেলে ভোটগ্রহণ চলাকালে হাতিয়া শহর বালিকা উচ্চবিদ্যালয় কেন্দ্রে এ ঘটনা ঘটে। অভিযুক্ত ওই কর্মকর্তার হাতিয়ার সৈয়দিয়া উচ্চবিদ্যালয়ের সহকারী শিক্ষক। কেন্দ্রের প্রিসাইডিং কর্মকর্তা আবদুল বাছেত সবুজ

বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেন। তিনি বলেন, ”দুপুরে ওই কেন্দ্রের সহকারী প্রিসাইডিং কর্মকর্তা রিজিয়া সুলতানা ভোটকেন্দ্রের ব্যালট পেপারে প্রকাশ্যে সিল মারার একটি ভিত্তিও ভাইরাল হয়। পরে তাকে অব্যাহতি দিয়ে আটক করা হয়েছে।” (জাগো এফ এম ওয়েবপেইজ: ১২.০২.২৬ রানি)

### ছয় কেন্দ্রের ফল পাল্টানোর অভিযোগ নাসীরুল্লাহীন পাটওয়ারীর

ঢাকা বিভাগের কমিশনার কার্যালয়ে ছয়টি ভোটকেন্দ্রের ফলাফল পরিবর্তনের অভিযোগ করেছেন ঢাকা-৮ আসনের ১১ দলীয় জোটের প্রার্থী ও জাতীয় নাগরিক পাটীর (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুল্লাহীন পাটওয়ারী। বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) সন্ধ্যা পৌনে ৮টার দিকে বিভাগীয় কমিশনার কার্যালয়ে গিয়ে এ অভিযোগ করেন তিনি। নাসীরুল্লাহীন পাটওয়ারীর প্রধান নির্বাচনি এজেন্ট শাহিন আহমেদ খান বলেন, সংশ্লিষ্ট কেন্দ্রগুলোতে তিনি দফা ভোট গণনা করা হয়েছে। এ সময় তাদের এজেন্টদের আটকে রেখে বাতিল ভোট যুক্ত করে ফলাফল প্রভাবিত করার চেষ্টা করা হচ্ছে বলে অভিযোগ করেন তিনি। শাহিন আহমেদ খান বলেন, ”সিদ্ধেশ্বরী বালক উচ্চবিদ্যালয়, মতিবিল আইডিয়াল কলেজ ও ইক্সট্রন গার্ডেন কেন্দ্রের বাতিল ভোটগুলো বৈধ হিসেবে গণ্য করতে মীর্জা আবরাস ও তার সমর্থকেরা চাপ সৃষ্টি করছেন।” তিনি বলেন, মাহবুব আলী ইনসিটিউট ও মীর্জা আবরাস ডিপ্রি কলেজ কেন্দ্রে ভোট গণনা শেষে তারা ফলাফলের কাগজও পেয়েছেন। এরপরও এসব কেন্দ্রের ফল পুনরায় গণনার জন্য প্রভাব বিস্তার করা হচ্ছে। একইসঙ্গে ভোটকেন্দ্র থেকে সংশ্লিষ্টদের বের হতে দেওয়া হচ্ছে না। এ ছাড়া তিনি অভিযোগ করেন, পল্টনের পরিবার-পরিকল্পনা কেন্দ্রে গণনা শেষ হলেও বিএনপির লোকজন ফল প্রকাশে বাধা দিচ্ছে।

(জাগো এফ এম ওয়েবপেইজ: ১২.০২.২৬ রানি)

### ভোটের দিনে সহকারী প্রিসাইডিং কর্মকর্তাসহ ৯ জনের মৃত্যু

অরোদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোটের দিন ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে সহকারী প্রিসাইডিং কর্মকর্তাসহ অস্তত নয়জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। তাদের মধ্যে কেউ কেন্দ্র দায়িত্ব পালনকালে অসুস্থ হয়ে, কেউ কেন্দ্রে গিয়ে, কেউ ভোট দিয়ে ফেরার পথে মারা যান। (জাগো এফ এম ওয়েবপেইজ: ১২.০২.২৬ রানি)

### কিছু জায়গায় অনিয়ম ছাড়া ভোট সুষ্ঠু হয়েছে : আসিফ মাহমুদ

জাতীয় নাগরিক পাটীর (এনসিপি) কেন্দ্রীয় নির্বাচন পরিচালনা কমিটির চেয়ারম্যান আসিফ মাহমুদ সজীব তুহিয়া বলেছেন, ”কিছু জায়গায় কিছু অনিয়ম এবং জনগণকে ভোটাধিকার প্রয়োগে বাধা দেওয়া হয়েছে। এছাড়া কিছু জায়গায় সিল মেরে ব্যালট বক্স ভরাসহ কিছু অনিয়মের তথ্য এসেছে। তবে সামগ্রিকভাবে সারা দেশের যে নির্বাচন চিত্র, আমরা মনে করছি যে, যথেষ্ট সুষ্ঠুভাবে ভোট হয়েছে।” আসিফ মাহমুদ বলেন, ”যে অনিয়ম হয়েছে, সেটাকেও কোনোভাবেই অবহেলার চোখে দেখার সুযোগ নেই। আমরা আহ্লান জানাবো ইসিসহ, যারা দায়িত্বশীল আছেন, সবাই সংশ্লিষ্ট ওই আসনগুলোর গুরুত্ব সহকারে বিবেচনা করবেন। ওই আসনগুলোর বিষয়ে জনগণের পক্ষে রায় দেবেন।” (জাগো এফ এম ওয়েবপেইজ: ১২.০২.২৬ রানি)

### রেডিও টুডে

#### আমরা সরকার গঠনের দ্বারপ্রান্তে আছি : নাহিদ ইসলাম

এনসিপি আহ্লান ও ঢাকা-১১ আসনের ১১ দলীয় জোটের প্রার্থী নাহিদ ইসলাম বলেছেন, আমরা সরকার গঠনের দ্বারপ্রান্তে আছি। আমরা চাই, দেশের মানুষ উৎসবের সাথে ভোটকেন্দ্রে ভোট দিতে আসুক। বৃহস্পতিবার বাড়া এ কে এম রহমত উল্লাহ বিশ্ববিদ্যালয় কলেজে ভোট প্রদান শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। নাহিদ বলেন, এখনই সময়, দেশের মালিকানা বুঝে নেওয়ার। এতদিন এই সুযোগ ছিল না। অভ্যুত্থানের পর সুযোগ হয়েছে। তাই জনগণ যেন ‘হ্যাঁ, ভোটের মাধ্যমে গণতন্ত্র প্রতিষ্ঠিত করেন। (রেডিও টুডে ওয়েব পেজ: ১২.০২.২০২৬ এলিনা)

#### শীর্ষ ৩ নেতার ভোটকেন্দ্র পরিদর্শনে প্রধান উপদেষ্টা

ভোট দেওয়ার পর রাজধানীতে শীর্ষ ৩ নেতার কেন্দ্র পরিদর্শন করেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টায় নিজে ভোট দেওয়ার পর, তিনি এসব কেন্দ্র পরিদর্শন করেন। প্রথমে গুলশানে ঢাকা-১৭ আসনের ভোটকেন্দ্রে পৌঁছান প্রধান উপদেষ্টা। সেই আসনে ১১ দলীয় জোটের প্রার্থী এনসিপির আহ্লান নাহিদ ইসলাম। এরপর তিনি ঢাকা-১১ আসনের ভোটকেন্দ্র পরিদর্শন করেন। সেখানে ১১ দলীয় জোটের প্রার্থী এনসিপির আহ্লান নাহিদ ইসলাম। এরপর তিনি ঢাকা-১৫ আসনের ভোটকেন্দ্র পরিদর্শন করেন। এই আসনে প্রার্থী বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। (রেডিও টুডে ওয়েব পেজ: ১২.০২.২০২৬ এলিনা)

#### ভোটের ব্যালট পেপার নিয়ে পালানোর সময় যুবক আটক

কুষ্টিয়ার মিরপুরে ভোটের ব্যালট পেপার নির্ধারিত বার্ষে জমা না দিয়ে কেন্দ্র থেকে পালিয়ে যাওয়ার চেষ্টার দায়ে এক যুবককে তিনি বছরের কারাদণ্ড দিয়েছেন আম্যমাণ আদালত। আটককৃত ওই যুবকের নাম শাহিন মালিথা (২৮)।

একইসঙ্গে তাকে এক হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরও ১৫ দিনের দণ্ডদেশ দেওয়া হয়। বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) সকাল ১০টায় উপজেলার তালবাড়ীয়া উচ্চবিদ্যালয় ভোটকেন্দ্রে এ ঘটনা ঘটে।

(রেডিও টুডে ওয়েব পেজ: ১২.০২.২০২৬ এলিনা)

### বিএনপি-জামায়াত সংঘর্ষ, আহত ১৯

বাগেরহাটের শরণখোলায় অয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে বিএনপি ও জামায়াত নেতা-কর্মীদের মধ্যে সংঘর্ষ অন্তত ১৯ জন আহত হয়েছেন। বৃহস্পতিবার বেলা ১১টার দিকে উপজেলার সাউথখালী ইউনিয়নের ১ নং সোনাতলা গ্রামে এ ঘটনা ঘটে। আহতদের শরণখোলা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। ঘটনার পর এলাকায় উন্নেজনা বিরাজ করছে। স্থানীয় সুত্রে জানা গেছে, সংঘর্ষে জামায়াতে ইসলামীর সাবির, তরিকুল, সোবহান, নাজমা ও ফরিদাসহ ১৫ জন এবং বিএনপির রফিকুল ও ছিদ্রিসহ চারজন আহত হন। এদিকে, কচুয়া উপজেলার বিছট সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রের পাশ থেকে দেশীয় অন্তর্সহ নাহিদ নামে এক যুবককে আটক করেছে যৌথ বাহিনী। তার কাছ থেকে একটি রামদাসহ কয়েকটি দেশীয় অন্তর্সহ উদ্ধার করা হয়। অন্যদিকে, সদর উপজেলার হাড়িখালী কাঠের পোল এলাকায় যৌথ বাহিনীর বিশেষ অভিযানে একটি ফার্নিচারের দোকান থেকে বিপুল পরিমাণ দেশীয় অন্তর্সহ উদ্ধার করা হয়েছে। লেফটেন্যান্ট কমান্ডার মো. আব্দুর রউফ (এন), বিএন, অধিনায়ক, রিভারাইন বর্ডার গার্ড কোম্পানি, নীলডুমুর এবং মেজর আশরাদ, ২৩ আরই ব্যাটালিয়নের নেতৃত্বে বিজিবি, সেনাবাহিনী ও পুলিশের সমন্বয়ে অভিযানটি পরিচালিত হয়। তল্লাশি চালিয়ে দোকান থেকে ৬টি হাসুয়া, ৩টি করাত, ৩টি চাকু, ১টি বড়ো হাতুড়ি ও ৭টি লোহার হাতুড়ি উদ্ধার করা হয়। লেফটেন্যান্ট কমান্ডার মো. আব্দুর রউফ সাংবাদিকদের জানান, অয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে নাশকতার উদ্দেশ্যে এসব দেশীয় অন্তর্সহ মজুত করা হয়েছিল বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে। বিষয়টি তদন্তাধীন। (রেডিও টুডে ওয়েব পেজ: ১২.০২.২০২৬ এলিনা)

### ৬ লাখ ৪৮ হাজার পোস্টাল ব্যালট এসেছে : ইসি

বাংলাদেশের সাধারণ নির্বাচনে বৃহস্পতিবার পর্যন্ত ৬ লাখ ৪৮ হাজার পোস্টাল ব্যালট নির্বাচন কমিশনের কাছে এসেছে বলে জানিয়েছেন জ্যোষ্ঠ সচিব আখতার আহমেদ। বৃহস্পতিবার নির্বাচন কমিশন সচিবালয়ে তিনি সাংবাদিকদের এ কথা জানান। এবারই প্রথমবারের মতো পোস্টাল ভোট দেওয়ার সুযোগ পাচ্ছেন প্রবাসী বাংলাদেশিরা। এর বাইরে বাংলাদেশের কারাগারে থাকা বন্দিরা এবং নির্বাচনি দায়িত্বে থাকা সরকারি কর্মকর্তারা পোস্টাল ব্যালট দেওয়ার সুযোগ পেয়েছেন। (রেডিও টুডে ওয়েব পেজ: ১২.০২.২০২৬ এলিনা)

### জাল ভোটের চেষ্টা, নগদ টাকাসহ জামায়াতের ৩ নেতা আটক

চুয়াডাঙ্গা ও টাঙ্গাইলের মির্জাপুরে জাল ভোট দেওয়ার চেষ্টা এবং কেন্দ্রে নগদ টাকাসহ জামায়াতে ইসলামীর তিনি নেতাকে আটক ও জরিমানা করা হয়েছে। সংঞ্চিষ্ট ভোটকেন্দ্রের প্রিসাইডিং কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেটোরা এসব তথ্য নিশ্চিত করেছেন। বৃহস্পতিবার চুয়াডাঙ্গায় পৌরসভার ৯ নম্বর ওয়ার্ডের রিজিয়া খাতুন প্রতাতী প্রাথমিক বিদ্যালয় কেন্দ্র থেকে ৭৯ হাজার টাকাসহ শরিফ জিসান নামের একজনকে আটক করে আইন-শৃঙ্খলা বাহিনী। শরিফ জামায়াতের ওয়ার্ড শাখার আমির বলে জানা গেছে। পরে ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে তাকে পুলিশ হেফাজতে নেওয়া হয়। অপরদিকে, সকাল ৯টার দিকে দামুড়ছন্দা উপজেলার সদর ইউনিয়নের নাপিতখালী সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে জাল ভোট দেওয়ার চেষ্টার অভিযোগে আটক করা হয় শাহাবুদ্দিন নামের একজনকে। তিনি দামুড়ছন্দা সদর ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ড জামায়াতে ইসলামীর আমির ও নাপিতখালী গ্রামের বাসিন্দা। নাপিতখালী বিদ্যালয় ভোটকেন্দ্রের প্রিসাইডিং কর্মকর্তা তারিকুল ইসলাম বিষয়টির সত্যতা নিশ্চিত করে জানান, অভিযুক্ত ব্যক্তি জাল ভোট দেওয়ার চেষ্টা করলে হাতেনাতে ধরা হয়। পরে নির্বাহী ম্যাজিস্ট্রেটের মাধ্যমে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর হাতে তুলে দেওয়া হয়েছে। এদিকে, টাকা বিতরণের অভিযোগে টাঙ্গাইলের মির্জাপুরে আটক করা হয় জয়নাল আবেদিন নামের একজনকে। পরে ভ্রাম্যমাণ আদালতের বিচারক ও উপজেলা সহকারী কমিশনার (ভূমি) তারেক আজিজ জরিমানা করে ছেড়ে দেন। (রেডিও টুডে ওয়েব পেজ: ১২.০২.২০২৬ এলিনা)

### ভোটারদের মধ্যে যথেষ্ট উদ্বীগনা ও উৎসাহ দেখা যাচ্ছে : ইভার্স ইজাবস

অয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট পর্যবেক্ষণে নিযুক্ত ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) নির্বাচন পর্যবেক্ষণ মিশনের প্রধান ইভার্স ইজাবস জানিয়েছেন যে, আজ দুপুর পর্যন্ত ভোটকেন্দ্রগুলোতে ভোটারদের মধ্যে যথেষ্ট উদ্বীগনা ও প্রাণের সঞ্চার লক্ষ্য করা গেছে। বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হল ভোটকেন্দ্র পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এই ইতিবাচক প্রতিক্রিয়া ব্যক্ত করেন।

(রেডিও টুডে ওয়েব পেজ: ১২.০২.২০২৬ এলিনা)

## ক্ষমতায় গেলে ভারতের সঙ্গে সুসম্পর্ককে 'অগ্রাধিকার, দেবে জামায়াত

ভারতের সঙ্গে সুসম্পর্ক বজায় রাখা একটি 'অগ্রাধিকার, এবং বাংলাদেশের প্রতিটি নাগরিক সমান; সংখ্যালঘু বলে কিছু নেই। ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভিকে দেওয়া সাক্ষাৎকারে এসব কথা বলেন জামায়াতের আমির শফিকুর রহমান। সংখ্যালঘু ইস্যু প্রসঙ্গে তিনি এনডিটিভিকে বলেন, "আমরা সবাই এ দেশের প্রথম শ্রেণির নাগরিক। আমরা সংখ্যালঘু বা সংখ্যাগরিষ্ঠ, এ ধরনের বিভাজনে বিশ্বাস করি না। বিষয়টি কেবল ধর্মীয় বিশ্বাসের পার্থক্য হতে পারে, কিন্তু নাগরিক অধিকার সবার জন্য সমান। আমরা সংখ্যালঘু-সংখ্যাগরিষ্ঠ বিভাজনকে স্বীকার করি না।" এনডিটিভিকে দেওয়া সাক্ষাৎকারে তিনি আরো বলেন, "ভারত সফর নিয়ে তার কোনো বিধা বা বাধা নেই।" নির্বাচন-পরবর্তী পরিস্থিতি পরিষ্কার হলে তিনি এ বিষয়ে সিদ্ধান্ত নেবেন। (রেডিও টুডে ওয়েব পেজ: ১২.০২.২০২৬ এলিনা)

## ফল ঘোষণার আগেই রেজাল্ট শিটে স্বাক্ষর, প্রিজাইডিং কর্মকর্তাকে প্রত্যাহার

নওগাঁয় ভোট গণনা ও ফল ঘোষণার আগেই রেজাল্ট শিটে স্বাক্ষর ও সিল দেওয়ার অভিযোগ উঠেছে এক প্রিজাইডিং কর্মকর্তার বিরুদ্ধে। বৃহস্পতিবার দুপুর ১২টার দিকে সদর উপজেলার কাটখইর উচ্চবিদ্যালয় কেন্দ্রে এ ঘটনা ঘটে। এই অভিযোগে দুপুর দেড়টার দিকে কেন্দ্রটির প্রিজাইডিং কর্মকর্তা নাজিম উদ্দীনকে প্রত্যাহার (ক্লোজড) করেন সহকারী রিটার্নিং কর্মকর্তা ও সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোহাম্মদ ইবনুল আবেদীন। অভিযুক্ত নাজিম উদ্দীন নওগাঁ সড়ক ও জনপদ বিভাগে উপ-সহকারী প্রকৌশলী হিসেবে বলে জানা গেছে। প্রত্যক্ষদর্শীরা জানান, ভোট গ্রহণের সময় নির্ধারিত ফলাফল শিটে প্রিজাইডিং কর্মকর্তা নিজের স্বাক্ষর ও পদবি সম্বলিত সিল দিয়ে রাখেন। নির্বাচনি বিধি অনুযায়ী, ভোটগ্রহণ শেষ হওয়ার পর পোলিং এজেন্টদের উপস্থিতিতে ভোটগণনা সম্পন্ন করে ফলাফল শিট পূরণ ও স্বাক্ষর করার কথা। অভিযোগের বিষয়ে জানতে চাইলে প্রিজাইডিং কর্মকর্তা নাজিম উদ্দীন ঘটনার সত্যতা স্বীকার করেন। তিনি বলেন, "ভোটগ্রহণ শেষে ফলাফল প্রস্তুত করতে সময় লাগে, কখনও সময় সংকট দেখা দিতে পারে। কাজের সুবিধার্থে ও সময় সাঞ্চয়ের চিন্তা থেকে আগেই স্বাক্ষর করে রেখেছি, তবে এটি নিয়মসম্মত কিনা, সে বিষয়ে আমার জানা নেই।" নওগাঁ সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা ও সহকারী রিটার্নিং কর্মকর্তা (ইউএনও) মোহাম্মদ ইবনুল আবেদীন জানান, ভোটগণনার আগে ফলাফল শিটে স্বাক্ষর করার কোনো বিধান নেই। অভিযোগের সত্যতা পাওয়ায়, ওই কেন্দ্রের নির্বাচনি দায়িত্ব থেকে তাকে প্রত্যাহার করা হয়েছে। নতুন একজন প্রিজাইডিং কর্মকর্তা নিয়োগ দেওয়া হচ্ছে। (রেডিও টুডে ওয়েব পেজ: ১২.০২.২০২৬ এলিনা)

## লাইনে দাঁড়িয়ে অসুস্থ, কেন্দ্রেই প্রাণ হারালেন বৃদ্ধ

মানিকগঞ্জ-১ আসনের শিবালয় উপজেলার মহাদেবপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে ভোট দিতে এসে প্রাণ হারালেন বাবু মিয়া (৭০) নামে এক বৃদ্ধ। বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) বেলা ১২টার দিকে এ ঘটনা ঘটে। নিহত বাবু মিয়া স্থানীয় হামেদ আলীর ছেলে এবং পেশায় একজন ভ্যানচালক ছিলেন। প্রত্যক্ষদর্শী ও স্থানীয় সুন্তে জানা গেছে, সকাল থেকেই উৎসবমুখর পরিবেশে ভোট দেওয়ার জন্য কেন্দ্রে উপস্থিত হয়েছিলেন বাবু মিয়া। তিনি যথাযথভাবে ভোটার স্লিপ সংগ্রহ করে লাইনে দাঁড়িয়েছিলেন। কিন্তু নিজের ভোটাধিকার প্রয়োগ করার ঠিক আগ মুহূর্তে হঠাত তীব্র অসুস্থতা অনুভব করেন এবং এক পর্যায়ে মাটিতে লুটিয়ে পড়েন। উপস্থিত লোকজন দ্রুত তাকে সহায়তার চেষ্টা করলেও ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। (রেডিও টুডে ওয়েব পেজ: ১২.০২.২০২৬ এলিনা)

## BBC

### POLLS CLOSE IN FIRST ELECTION SINCE GEN Z PROTESTS OUSTED BANGLADESH LEADER

Votes are being counted in Bangladesh after the country held its first election since student-led protests ousted Prime Minister Sheikh Hasina in 2024. More than 2,000 candidates are vying for a seat in parliament, though none from Hasina's now-banned Awami League party. As many as 1,400 protesters were killed during the 2024 uprising, the UN says - with Hasina accused of having directly ordered the crackdown, an allegation she denies. The election pits the center-right Bangladesh Nationalist Party (BNP) against a coalition led by the Islamist Jamaat-e-Islami which has joined forces with a party born out of the student uprising. Results are expected on Friday. Voters were also casting their ballots in a referendum on constitutional change proposed by the interim government to fix what it has called a completely broken political system. Nearly a million police and soldiers have been deployed to maintain law and order. Speaking after voting, interim leader Muhammad Yunus said the country had "ended the nightmare and begun a new dream". He voted in the capital Dhaka, as did the two leading candidates, Tarique Rahman for the BNP and Jamaat's leader Shafiqur Rahman. (BBC News Web Page: 12/02/26, FARUK)

**KIM JONG UN CHOOSES TEEN DAUGHTER AS HEIR: SEOUL**

North Korean leader Kim Jong Un has selected his daughter as his heir, South Korea's spy agency told lawmakers on Thursday. Little is known about Kim Ju Ae, who in recent months has been pictured beside her father in high-profile events like a visit to Beijing in September - her first known trip abroad. The National Intelligence Service (NIS) said it took a "range of circumstances" into account including her increasingly prominent public presence at official events" in making this assessment. (BBC News Web Page: 12/02/26, FARUK)

#### **RUSSIA ORDERS BLOCK ON WHATSAPP IN MESSAGING APP CRACKDOWN**

Russia has ordered a block on WhatsApp, as the Kremlin continues to tighten restrictions on messaging apps. Meta-owned WhatsApp said the move aimed to push more than 100 million of its app users in Russia to a "state-owned surveillance app". Kremlin spokesman Dmitry Peskov told the BBC that the decision had been made "due to Meta's unwillingness to comply with the norms and the letter of Russian law". He has said Meta could resume operations if it "complies with the law and enters into dialogue ". Asked whether authorities were trying to force Russians to use the state-developed Max app, Peskov said the "national messenger is an available alternative" for Russians.

(BBC News Web Page: 12/02/26, FARUK)

#### **AT LEAST 21 DEAD AFTER BOAT SINKS ON SUDAN'S RIVER NILE**

At least 21 people have died after a passenger boat sank in River Nile state in northern Sudan, a medical group has told the BBC. The boat was travelling between the villages of Tayba al-Khawad and Deim al-Qarai, carrying nearly 30 passengers, including women, elderly people and children, the Sudan Doctors Network said. "Rescue teams are continuing with their work since there could be more bodies," said Dr Mohammed Faisal Hassan, the network's spokesperson. Authorities in River Nile state said on Thursday that 21 bodies had been recovered, AFP news agency reported. (BBC News Web Page: 12/02/26, FARUK)

#### **US HOUSE VOTES TO OVERTURN TRUMP'S TARIFFS ON CANADA**

The US House of Representatives has voted to rescind US President Donald Trump's tariffs on Canadian goods. In a 219 to 211 vote, six Republican lawmakers joined Democrats to back a resolution that seeks to end the tariffs Trump imposed on Canada last year. The vote is largely symbolic as it will still need to be approved by the US Senate and then approved by Trump, who is very unlikely to sign it into law. Since his re-election, Donald Trump has imposed a series of tariffs on Canada, recently threatening a 100% import tax in response to Canada's proposed trade deal with China. (BBC News Web Page: 12/02/26, FARUK)

#### **CHINA'S XI JINPING MAKES RARE REFERENCE TO RECENT MILITARY PURGE**

Chinese President Xi Jinping has made a rare public reference to a recent crackdown which saw the country's top military general removed. General Zhang Youxia, who was widely seen as Xi's closest military ally, was removed from his post in January. He was accused of "serious violations of discipline and law" - typically a euphemism for corruption. Speaking in a virtual address on Tuesday, Xi said the past year had been "unusual and extraordinary", adding that the army had "undergone revolutionary tempering in the fight against corruption". Since coming to power, President Xi has launched waves of anti-corruption drives, which critics say have also been used as a tool to purge political rivals.

(BBC News Web Page: 12/02/26, FARUK)

**:: THE END ::**

